THE

INSTITUTES OF MANU

WITH THE

COMMENTARY OF

KULLU'K BHATTA,

AND THE

BENGALI & ENGLISH TRANSLATIONS OF THE TEXTS.

VOL. I.

মন্বর্থমুক্তাবলী সহিতা।

শ্রীযুক্ত বাবু রামধন শর্ম্ম হালদার প্রণীত বাঙ্গালা অনুবাদ
স্যার উইলেম্ জোন্স সাহেব কৃত ইংরাজী
অনুবাদ সহিতা।

শ্রীযুত ...শেন

প্রথম খণ্ডং।

কলিকাতা।

বহুবাজারস্থ শ্রীপ্যারীমোহন বন্দ্যোপাধ্যায়েন।
বাঙ্গাল সুপিরিয়র যন্ত্রে মুদ্রিতং।
২২ ভা[illegible] শকাব্দাঃ ১৭৭৬

ভূমিকা।

ইহা বলা বাহুল্য যে এই ভারতবর্ষীয় লোকদিগের আচার ব্যবহার ধর্ম্ম কর্ম্ম রাজ নিয়মাদি সমুদায় ব্যাপার এই মনু সংহিতার ব্যবস্থানুসারে আবহমান কালাবধি চলিয়া আসিতেছে এবং ধর্ম্ম ব্যবস্থাপক অন্যান্য মুনিরাও ইহাকে অসাধারণ প্রমাণ বলিয়া স্বীকার করিয়াছেন, তথাপি ইহার ব্যবহার যত সাধারণ রূপে প্রচলিত হয়—যত ইহার অর্থ লোকের বোধগম্য হয় ততই মঙ্গলের বিষয়, ইহা বিবেচনা করিয়া সর্ব্বসাধারণের বোধ সুলভার্থে মান্যবর শ্রীযুত বাবু রামধন শর্ম্ম হালদার কৃত বাঙ্গলা অনুবাদ শ্রীযুত আনন্দচন্দ্র বেদান্ত বাগীশের দ্বারা সংশোধিত করাইয়া স্যার উইলেম জোন্স সাহেবের কৃত ইংরাজী ভাষায় অনুবাদ সম্বলিত সটীক মনুসংহিতা মুদ্রিত করিতে প্রবৃত্ত হইয়া এইক্ষণে ইহার প্রথম দুই অধ্যায় প্রচারিত করিলাম। কারণ ইহাতে পণ্ডিত বিদ্যার্থী বিষয়ী ও রাজ প্রতিনিধি প্রাড্বিবাক প্রভৃতি সকলেরই স্ব স্ব বিষয়ে উপকার [illegible] অতএব যখন সাধারণের উপকার উদ্দেশ্য হইল [illegible] মুদ্রিত করিয়া প্রকাশ করিলে পাছে অনেকে [illegible] য়ন ইহা বিবেচনা করিয়াই খণ্ডে খণ্ডে মুদ্রিত [illegible] তে স্থির করিলাম। এক্ষণে প্রার্থনা যে সাধারণে এ বিষয়ে সাহায্য করেন, তাহা হইলেই পরিশ্রম ও অর্থব্যয় সার্থক বোধ করিয়া অপর অধ্যায় সকলও এইরূপে ক্রমশঃ মুদ্রিত করিতে উৎসাহী হইব ইতি।

শ্রীপ্যারীমোহন বন্দ্যোপাধ্যায়।

যন্ত্রাধ্যক্ষ।

নমোভগবতে বাসুদেবায়

গৌড়ে নন্দনবাসিনাম্নি সুজনৈর্বন্দ্যে বরেন্দ্র্যাং কুলে শ্রীমদ্ভট্টদিবাকরস্য তনয়ঃ কুল্লূকভট্টোঽভবৎ। কাশ্যামুত্তরবাহিজহ্নুতনয়াতীরে সমং পণ্ডিতৈস্তেনেয়ং ক্রিয়তে হিতায় বিদুষাং মন্বর্থমুক্তাবলী ॥ ১ ॥ সর্ব্বজ্ঞস্য মনোরসর্ব্ববিদপি ব্যাখ্যামি যদ্বাঙ্ময়ং যুক্ত্যা তদ্বহুভির্যতোমুনিবরৈরেতদ্বহু ব্যাহৃতং। তাং ব্যাখ্যামধুনাতনৈরপি কৃতাং ন্যায্যাং ব্রুবাণস্য মে ভক্ত্যা মানববাঙ্ময়ে ভবভিদে ভূয়াদশেষেশ্বরঃ ॥ ২ ॥ মীমাংসে বহু সেবিতাসি সুহৃদস্তর্কাঃ সমস্তাঃ স্থমে বেদান্তাঃ পরমাত্মবোধগুরবোযূয়ং ময়ো[illegible] । জ্ঞাতা ব্যাকরণানি বালসখিতা যুষ্মাভিরভ্যর্থয়ে প্রাপ্তোঽহয়ং সময়োমনূক্তিবিবৃতৌ সাহায্যমালম্ব[illegible] ॥ [illegible] [illegible]সত[illegible]য়[illegible] । দৈবাদ্যদি ক[illegible]চিদ[illegible]নং তথাপি বিস্তারকোভবতু মে জগদন্তরাত্মা ॥ ৪ ॥ মানববৃত্তাবস্যাং জ্ঞেয়া ব্যাখ্যা নবা ময়োদ্ভি[illegible] । প্রাচীনা অপি রুচির[illegible]তৃণামশেষাণাম্ ॥ ৫ ॥

গৌড় দেশের নন্দন বাসি নামক গ্রামবাসি বারেন্দ্র ব্রহ্মাণ কুলোদ্ভব দিবাকর ভট্টের পুত্র কুল্লূক[illegible] নামে এক ব্যক্তি ছিলেন। তিনি কাশীতে উত্তর বাহিনী গ[illegible]ত গণের সহিত উপবেশন করত লোকের হিতের নি[illegible]বলী নামক এই টীকা রচনা করেন ॥ ১ ॥ সেই টীকাক[illegible] যেহেতু এই মনুর বাক্য সকল মুনিরা বিবিধ প্রকারে ব্যাখ্যা করিয়াছেন সেই হেতু আমি অল্পজ্ঞ হইলেও সেই সর্ব্বজ্ঞ মনুর বাক্য সকল যুক্তিদ্বারা ব্যাখ্যা করিতে সমর্থ হইব। এইক্ষণে অনেকে মনুবাক্যের ব্যাখ্যা করিয়াছেন বটে কিন্তু আমি ভক্তিভাবে অতি ন্যায্যরূপে তাহার ব্যাখ্যা করিতেছি অতএব ঈশ্বর আমার প্রতি প্রশন্ন হউন ॥ ২ ॥ হে মীমাংসাশাস্ত্র আমি তোমার অনেক সেবা করিয়াছি, হে তর্কশাস্ত্র সকল তোমরা আমার অতি প্রিয় সুহৃৎ, হে পরমাত্ম গুরু বেদান্ত শাস্ত্র সকল আমি তোমারদিগেরও উপাসনা করিয়াছি, হে ব্যাকরণ সকল বালককালে তোমারদিগের স-

হিত আমার অত্যন্ত সখ্য ভাব ছিল, এইক্ষণে আমি মনুর বাক্য সকল ব্যাখ্যা করিবার সময় পাইয়াছি, অতএব প্রার্থনা করি, তোমরা এতদ্বিষয়ে সাহায্য কর॥ ৩॥ রাগ দ্বেষাদি রহিত এবং সাধু লোকের হিতার্থ মনুবচনের যথার্থ তত্ত্ব কথনে প্রবৃত্ত যে আমি দৈবাৎ যদি কোনস্থানে আমার ভ্রম হয় তবে জগদীশ্বর তাহাহইতে নিস্তার করিবেন ॥ ৪॥ অনেকানেক টীকাকার দিগের অতি মনোহর প্রাচীন ব্যাখ্যা থাকিলেও আমি যে এই মনুবাক্যের ব্যাখ্যা করিতেছি ইহাকে নূতন বলিয়া বিবেচনা করিতে হইবে অর্থাৎ ইহাতে কোন টীকার সাহায্য লওয়া হয় নাই॥ ৫॥

মনুসংহিতা।

প্রথমাধ্যায়ঃ।

THE LAWS OF MANU,

CHAPTER THE FIRST.

ON THE CREATION; WITH A SUMMARY OF THE CONTENTS.

মনুমেকাগ্রমাসীনমভিগম্য মহর্ষয়ঃ।
প্রতিপূজ্য যথান্যায়মিদং বচনমব্রুবন্॥ ১॥

মনুমেকাগ্রমাসীনমিত্যাদি। অত্র মহর্ষীণাং ধর্ম্মবিষয়প্রশ্নে মনোঃ শ্রূয়তামিত্যুত্তরদানপর্য্যন্তশ্লোকচতুষ্টয়েনৈতস্য শাস্ত্রস্য প্রেক্ষাবৎপ্রবৃত্ত্যুপযুক্তানি বিষয়সম্বন্ধপ্রয়োজনান্যুক্তানি, তত্র ধর্ম্মএব বিষয়ঃ, তেন সহ বচনসন্দর্ভরূপস্য মানবশাস্ত্রস্য প্রতিপাদ্যপ্রতিপাদকলক্ষণঃ সম্বন্ধঃ প্রমাণান্তরাসন্নিকৃষ্টস্য স্বর্গাপবর্গাদিসাধনস্য ধর্ম্মস্য শাস্ত্রৈকগম্যত্বাৎ, প্রয়োজনন্তু স্বর্গাপবর্গাদি তস্য ধর্ম্মাধীনত্বাৎ। যদ্যপি পত্ন্যুপগমনাদিরূপঃ কামোঽপ্যত্রাভিহিতস্তথাপি ঋতুকালাভিগামী স্যাৎ স্বদারনিরতঃ সদেতি ঋতুকালাদিনিয়মেন সোঽপি ধর্ম্মএব। এবঞ্চার্থার্জনমপি ঋতামৃতাভ্যাঞ্জীবেদিত্যাদিনিয়মেন ধর্ম্মএবেত্যবগন্তব্যং। মোক্ষোপায়ত্বেনাভিহিতস্যাত্মজ্ঞানস্যাপি ধর্ম্মত্বাদ্ধর্ম্মবিষয়ত্বং মোক্ষোপদেশকত্বঞ্চাস্য শাস্ত্রস্যোপপন্নং। পৌরুষেয়ত্বেঽপি মনুবাক্যানামবিগীতমহাজনপরিগ্রহাৎ শ্রুত্যুপগ্রহাচ্চ বেদমূলকতয়া প্রামাণ্যং। তথা চ ছান্দোগ্যব্রাহ্মণে শ্রূয়তে। মনুর্বৈ যৎ কিঞ্চিদবদত্তদ্ভেষজং ভেষজতায়াইতি। বৃহস্পতিরপ্যাহ। বেদার্থোপনিবন্ধৃত্বাৎ প্রাধান্যং হি মনোঃ স্মৃতং। মন্বর্থবিপরীতা তু যা স্মৃতিঃ সা ন শস্যতে। তাবচ্ছাস্ত্রাণি শোভন্তে তর্কব্যাকরণানি চ। ধর্ম্মার্থমোক্ষোপদেষ্টা মনুর্যাবন্ন দৃশ্যতে। মহাভারতেঽপ্যুক্তং। পুরাণং মানবোধর্ম্মঃ সাঙ্গোবেদশ্চিকিৎসিতং। আজ্ঞাসিদ্ধানি চত্বারি ন হন্ত-

ব্যানি হেতুভিঃ। বিরোধিবৌদ্ধাদিতর্কৈর্ন হন্তব্যানি অনুকূলস্তু মীমাংসাদিতর্কঃ প্রবর্ত্তনীয়এব অতএব বক্ষ্যতি। আর্ষং ধর্মোপদেশঞ্চ বেদশাস্ত্রাবিরোধিনা। যস্তর্কেণানুসন্ধত্তে সধর্ম্মং বেদ নেতরইতি। সকলবেদার্থাদিমননাৎ মনুং মহর্ষয়ইদং দ্বিতীয়শ্লোকবাক্যরূপং উচ্যতে অনেনেতি বচনমব্রুবন্। শ্লোকস্যাদৌ মনুনির্দ্দেশোমঙ্গলার্থঃ পরমাত্মনএব সংসারস্থিতয়ে সর্ব্বজ্ঞৈশ্বর্য্যাদিসম্পন্নমনুরূপেণ প্রাদুর্ভূতত্বাৎ তদভিধানস্য মঙ্গলাতিশয়ত্বাৎ। বক্ষ্যতি হি এনমেকে বদন্ত্যগ্নিং মনুমন্যে প্রজাপতিমিতি। একাগ্রং বিষয়ান্তরাব্যাক্ষিপ্তচিত্তং আসীনং সুখোপবিষ্টং ঈদৃশস্যৈব মহর্ষিপ্রশ্নোত্তরদানযোগ্যত্বাৎ। অভিগম্য অভিমুখং গত্বা মহর্ষয়োমহান্তশ্চ তে ঋষয়শ্চেতি তথা প্রতিপূজ্য পূজয়িত্বা। যদ্বা মনুনা পূর্ব্বং স্বাগতাসনদানাদিনা পূজিতাস্তস্য পূজাং কৃত্বা ইতি প্রতিশব্দাদুন্নীয়তে। যথান্যায়ং যেন ন্যায়েন বিধানেন প্রশ্নঃ কর্ত্তুং যুজ্যতে প্রণতিভক্তিশ্রদ্ধাতিশয়াদিনা। বক্ষ্যতি চ নাপৃষ্টঃ কস্যচিদ্ব্রূয়ান্ন চান্যায়েন পৃচ্ছতইতি। অভিগম্য প্রতিপূজ্য অব্রুবন্নিতি ক্রিয়াত্রয়েঽপি মনুমিত্যেব কর্ম্ম অব্রুবন্নিত্যত্রাকথিতকর্ম্মতা ব্রুবিধাতোর্দ্বিকর্ম্মকত্বাৎ॥ ১॥

ভগবান্ মনু মনের স্থৈর্য্যপূর্ব্বক সুখে উপবিষ্ট ছিলেন, তাঁহার সম্মুখে মহর্ষিগণ গমন করিয়া তাঁহার দ্বারা সম্মান প্রাপ্ত্যনন্তর তাঁহার পূজা করত প্রশ্নের যোগ্য রীত্যনুসারে এই কথা কহিলেন॥ ১॥

1 MANU *sat* reclined, with his attention fixed on one object, *the Supreme* GOD; *when* the divine Sages approached *him, and,* after mutual salutations in due form, delivered the following address:

ভগবন্ সর্ব্ববর্ণানাং যথাবদনুপূর্ব্বশঃ।
অন্তরপ্রভবাণাঞ্চ ধর্ম্মান্নোবক্তুমর্হসি॥ ২॥

কিমব্রুবন্নিত্যপেক্ষায়ামাহ ভগবন্নিত্যাদি। ঐশ্বর্য্যাদীনাং ভগশব্দোবাচকঃ। তদুক্তং বিষ্ণুপুরাণে ঐশ্বর্য্যস্য সমগ্রস্য বীর্য্যস্য যশসঃ শ্রিয়ঃ। জ্ঞানবৈরাগ্যয়োশ্চৈব ষণ্ণাস্তগইতীঙ্গনা। মতুবন্তেন সম্বোধনংভগবন্নিতি। বর্ণাব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রাঃ সর্ব্বে চ তে বর্ণাশ্চেতি সর্ব্ববর্ণাঃ তেষাং অন্তরপ্রভবাণাঞ্চ সঙ্কীর্ণজাতীনাঞ্চাপি অনুলোমপ্রতিলোমজাতানাং অম্বষ্ঠক্ষত্তৃকরণপ্রভৃতীনাং তেষাং বিজাতীয়মৈথুনসম্ভবত্বেন খরতুরগীয়সম্পর্কাজ্জাতাশ্বতরবজ্জাত্যন্তরত্বাদ্বর্ণশব্দেনাগ্রহণাৎ পৃথক্ প্রশ্নঃ। এতে-

নাস্য শাস্ত্রস্য সর্ব্বোপকারকত্বং দর্শিতং। যথাবৎ যোধর্ম্মোযস্য বর্ণস্য যেন প্রকারেণার্হতীত্যনেনাশ্রমধর্ম্মাদীনামপি প্রশ্নঃ। অনুপূর্ব্বশঃ ক্রমেণ প্রথমং জাতকর্ম্ম তদনু নামধেয়মিত্যাদিনা ধর্ম্মান্নোঽস্মভ্যং বক্তুমর্হসি সর্ব্বধর্ম্মাভিধানে যোগ্যোভবসি তস্মাদ্ব্রূহীত্যধ্যেষণমধ্যাহার্য্যং। যত্তু [illegible]দিরূপাধর্ম্মকীর্ত্তনমপ্যত্র তৎ প্রায়শ্চিত্তবিধিরূপধর্ম্মবিষয়ত্বেন ন স্বতন্ত্রতয়া ॥ ২॥

হে ভগবন্! আপনি ব্রাহ্মণাদি সর্ব্ব বর্ণের এবং শঙ্কীর্ণ জাতির অর্থাৎ অম্বষ্ঠাদি মিশ্র বর্ণের ধর্ম্ম সকল যথাবৎ অর্থাৎ যে বর্ণের যে ধর্ম্ম যেপ্রকারে কর্ত্তব্য তাহা যথাক্রমে আমারদিগকে কহিতে যোগ্য হয়েন ॥ ২ ॥

2 Deign, sovereign ruler, to apprize us of the sacred laws in their order, as they must be followed by all the *four* classes, and by each of them, in their several degrees, together with the duties of every mixed class;

ত্বমেকোহ্যস্য সর্ব্বস্য বিধানস্য স্বয়ম্ভুবঃ।
অচিন্ত্যস্যাপ্রমেয়স্য কার্য্যতত্ত্বার্থবিৎ প্রভো ॥ ৩ ॥

সকলধর্ম্মাভিধানযোগ্যত্বে হেতুমাহ ত্বমেকইত্যাদি। হিশব্দো- হেতৌ যস্মাত্ত্বমেকোঽদ্বিতীয়ঃ অস্য সর্ব্বস্য প্রত্যক্ষশ্রুতস্য স্মৃত্যাদ্যনুমেয়স্য চ বিধানস্য বিধীয়ন্তে অনেন কর্ম্মাণ্যগ্নিহোত্রাদীনীতি বিধানং বেদঃ তস্য স্বয়ম্ভুবোঽপৌরুষেয়স্য অচিন্ত্যস্য বহুশাখাবিভিন্নত্বাদিয়ত্তয়া পরিচ্ছেত্তুমযোগ্যস্য অপ্রমেয়স্য মীমাংসাদিন্যায়নিরপেক্ষতয়ানবগম্যমানপ্রমেয়স্য কার্য্যং অনুষ্ঠেয়মগ্নিষ্টোমাদি তত্ত্বং ব্রহ্ম সত্যং জ্ঞানমনন্তং ব্রহ্মেত্যাদিবেদান্তবেদ্যং তদেবার্থঃ প্রতিপাদ্যভাগস্তম্বেত্তীতি কার্য্যতত্ত্বার্থবিৎ। মেধাতিথিস্তু কর্ম্মমীমাংসাবাসনয়া বেদস্য কার্য্যমেব তত্ত্বরূপোঽর্থস্তং বেত্তীতি কার্য্যতত্ত্বার্থবিদিতি ব্যাচষ্টে তন্ন বেদানাং ব্রহ্মণ্যপি প্রামাণ্যাভ্যুপগমাৎ ন কার্য্যমেব তত্ত্বরূপোঽর্থঃ। ধর্ম্মাধর্ম্মব্যবস্থাপনসমর্থত্বাৎ প্রভো ইতি সম্বোধনং ॥ ৩ ॥

যে হেতু এই সমুদায় প্রত্যক্ষশ্রুত এবং স্মৃত্যাদি দ্বারা অনুমেয়, অপৌরুষেয়, অপরিমেয় এবং মীমাংসাদি ব্যতিরেকে অনবগম্য, বেদের প্রতিপাদ্য যে অগ্নিষ্টোমাদি কর্ম্ম এবং ব্রহ্ম, এই উভয়ের যথার্থ স্বরূপ হে প্রভু! কেবল আপনিই জানেন ॥ ৩॥

3 For thou, Lord, *and thou* only *among mortals*, knowest the true sense, the first principle, *and* the prescribed ceremonies, of this universal, supernatural *Véda*, unlimited in extent and unequalled in authority.

সতৈঃ পৃষ্টস্তথা সম্যগমিতৌজামহাত্মভিঃ।
প্রত্যুবাচার্চ্চ্য তান্ সর্ব্বান্ মহর্ষীন্ শ্রূয়তামিতি ॥ ৪ ॥

সতৈঃ পৃষ্টস্তথা সম্যগিত্যাদি। সমনুস্তৈর্মহর্ষিভিস্তথা তেন প্রকারেণ পূর্ব্বোক্তেন ন্যায়েন প্রণতিভক্তিশ্রদ্ধাতিশয়াদিনা পৃষ্টস্তান্ সম্যক্ যথাতত্ত্বং প্রত্যুবাচ শ্রূয়তামিত্যুপক্রম্য অমিতমপরিচ্ছেদ্যমোজঃ সামর্থ্যং জ্ঞানতত্ত্বাভিধানাদৌ যস্য সতথা। অতএব সর্ব্বজ্ঞসর্ব্বশক্তিতয়া মহর্ষীণামপি প্রশ্নবিষয়ঃ। মহাত্মভির্মহানুভাবৈঃ। আর্চ্চ্য পূজয়িত্বা আগুপূর্ব্বস্যার্চতের্ল্যবন্তস্য রূপমিদং। ধর্ম্মস্যাভিধানমপি পূজনপুরঃসরমেব কর্ত্তব্যমিত্যনেন ফলিতং। ননু মনুপ্রণীতত্বে অস্য শাস্ত্রস্য সপৃষ্টঃ প্রত্যুবাচ ইতি ন যুক্তং অহং পৃষ্টোব্রবীমীতি যুজ্যতে অন্যপ্রণীতত্বে চ কথং মানবীয়সংহিতেতি। উচ্যতে প্রায়েণাচার্য্যাণামিয়ং শৈলী যৎ স্বাভিপ্রায়মপি পরোপদেশমিব বর্ণয়ন্তি। অতএব কর্ম্মাণ্যপি জৈমিনিঃ ফলার্থত্বাদিতি জৈমিনেরেব সূত্রং। অতএব তদুপর্য্যপি বাদরায়ণঃ সম্ভবাদিতি বাদরায়ণস্যৈব শারীরকসূত্রং। অথ বা মনুপদিষ্টাধর্ম্মাস্তচ্ছিষ্যেণ ভৃগুণা তদাজ্ঞয়োপনিবদ্ধাঃ। অতএব বক্ষ্যতি এতদ্বোঽয়দ্ভৃগুঃ শাস্ত্রং শ্রাবয়িষ্যত্যশেষতইতি অতোযুজ্যতএব সুপৃষ্টঃ প্রত্যুবাচ ইতি। মনুপদিষ্টধর্ম্মোপনিবদ্ধত্বাচ্চ মানবীয়সংহিতেতি ব্যপদেশঃ ॥ ৪ ॥

তত্ত্বকথন বিষয়ে অপরিমিত শক্তিমান্ সেই ভগবান্ মনু ঐ মহানুভব মহর্ষিগণ কর্ত্তৃক পূর্ব্বোক্ত প্রকারে সমাদর পূর্ব্বক জিজ্ঞাসিত হইয়া বহু সম্মান পুরঃসর তাঁহারদিগকে "শ্রবণ কর" বলিয়া উত্তর করিলেন ॥ ৪ ॥

4 He, whose powers were measureless, being thus requested by the great Sages, whose thoughts were profound, saluted them all with reverence, and gave them a comprehensive answer, *saying:* ' Be it heard!

আসীদিদন্তমোভূতমপ্রজ্ঞাতমলক্ষণং।
অপ্রতর্ক্যমবিজ্ঞেয়ম্প্রসুপ্তমিব সর্ব্বতঃ ॥ ৫ ॥

শ্রূয়তামিতি উপক্ষিপ্তমর্থমাহ আসীদিদমিতি। ননু মুনীনাঞ্চর্ম্ম-

বিষয়প্রশ্নে তত্রৈবোত্তরন্দাতুমুচিতং তৎ কোঽয়মপ্রস্তুতঃ প্রলয়দশায়াং কারণলীনস্য জগতঃ সৃষ্টিপ্রকরণাবতারঃ। অত্র মেধাতিথিঃ সমাদধে শাস্ত্রস্য মহাপ্রয়োজনত্বমনেন সর্বেণ প্রতিপাদ্যতে ব্রহ্মাদ্যাঃ স্থাবর-পর্য্যন্তাঃ সংসারগতয়োধর্ম্মাধর্ম্মনিমিত্তাঅত্র প্রতিপাদ্যন্তে। তমসা বহুরূপেণ বেষ্টিতাঃ কর্ম্মহেতুনেতি, বক্ষ্যতি চ এতাদৃষ্ট্বাস্য জীবস্য গতীঃ স্বে-নৈব চেতসা। ধর্ম্মতোঽধর্ম্মতশ্চৈব ধর্ম্মে দধ্যাৎ সদা মনইতি। ততশ্চ নি-রতিশয়ৈশ্বর্য্যহেতুর্ধর্ম্মঃ তদ্বিপরীতশ্চাধর্ম্মঃ তদ্রূপপরিজ্ঞানার্থমিদং শাস্ত্রং মহাপ্রয়োজনমধ্যেতব্যমিত্যাদ্যধ্যায়তাৎপর্য্যমিত্যন্তেন। গোবিন্দরাজ-স্যাপীদমেব সমাধানং। নৈতন্মনোহরং। ধর্ম্মস্বরূপপ্রশ্নে যদ্ধর্ম্মস্য ফল-কীর্ত্তনং তদপ্যপ্রস্তুতং ধর্ম্মোক্তিমাত্রাদ্ধি শাস্ত্রমর্থবৎ কিঞ্চ কর্ম্মণাম্ফল-নির্বৃত্তিং শংসেত্যুক্তে মহর্ষিভিঃ। দ্বাদশে বক্ষ্যমাণা সা বক্তুমাদৌ ন যুজ্যতে। ইদন্তু বদামঃ। মুনীনান্ধর্ম্মবিষয়ে প্রশ্নে জগৎকারণতয়া ব্রহ্ম-প্রতিপাদনং ধর্ম্মকথনমেবেতি নাপ্রস্তুতাভিধানং। আত্মজ্ঞানস্যাপি ধর্ম্মরূপত্বাৎ মনুনৈব ধৃতিঃ ক্ষমা দমোঽস্তেয়ং শৌচমিন্দ্রিয়নিগ্রহঃ। ধী-র্ব্বিদ্যা সত্যমক্রোধোদশকন্ধর্ম্মলক্ষণমিতি দশবিধধর্ম্মাভিধানে বিদ্যাশব্দ-বাচ্যমাত্মজ্ঞানং ধর্ম্মত্বেনোক্তং। মহাভারতেঽপি আত্মজ্ঞানন্তিতিক্ষা চ ধর্ম্মঃ সাধারণোনৃপেত্যাত্মজ্ঞানং ধর্ম্মত্বেনোক্তং। যাজ্ঞবল্ক্যেন তু পরম-ধর্ম্মত্বেন, যদাহ, ইজ্যাচারদমাহিংসা দানং স্বাধ্যায়কর্ম্ম চ। অয়ন্তু পর-মোধর্ম্মোযদ্‌যোগেনাত্মদর্শনমিতি। জগৎকারণত্বঞ্চ ব্রহ্মলক্ষণং অতএব ব্রহ্মমীমাংসায়াং অথাতোব্রহ্মজিজ্ঞাসেতি সূত্রানন্তরং ব্রহ্মলক্ষণকথনায় জন্মাদ্যস্য যতইতি দ্বিতীয়সূত্রম্ভগবান্ বাদরায়ণঃ প্রণিনায়, অস্য জগ-তোযতোজন্মাদি সৃষ্টিস্থিতিপ্রলয়মিতি সূত্রার্থঃ। তথা চ শ্রুতিঃ। যতো-বাইমানি ভূতানি জায়ন্তে যেন জাতানি জীবন্তি যৎ প্রযন্ত্যভিসংবিশন্তি তদ্বিজিজ্ঞাসস্ব তদ্ব্রহ্মেতি। প্রাধান্যেন জগদুৎপত্তিস্থিতিলয়নিমিত্তো-পাদানব্রহ্মপ্রতিপাদনং আত্মজ্ঞানরূপপরমধর্ম্মাবগমায় প্রথমাধ্যায়ং কৃত্বা সংস্কারাদিরূপন্ধর্ম্মং তদঙ্গতয়া দ্বিতীয়াধ্যায়াদিক্রমেণ বক্ষ্যতীতি ন কশ্চিদ্বিরোধঃ। কিঞ্চ প্রশ্নোত্তরবাক্যানামেব স্বরসাদয়ং মনুক্তোঽর্থো-লভ্যতে, তথা হি। ধর্ম্মে পৃষ্টে মনুর্ব্রহ্ম জগতঃ কারণং ব্রুবন্। আত্মজ্ঞান-ম্পরন্ধর্ম্মং বিত্তেতি ব্যক্তমুক্তবান্। প্রাধান্যাৎ প্রথমাধ্যায়ে সাধু তস্যৈব কীর্ত্তনং। ধর্ম্মোঽন্যস্তু তদঙ্গত্বাদ্ব্যক্তোবক্তুমনন্তরং। ইদমিত্যধ্য-ক্ষেণ সর্ব্বস্য প্রতিভাসমানত্বাৎ জগন্নির্দ্দিশ্যতে। ইদং জগৎ তমোভূতং

তমসি স্থিতং লীনমাসীৎ তমঃশব্দেন গুণবৃত্ত্যা প্রকৃতির্নির্দিশ্যতে তমইব তমঃ যথা তমসি লীনাঃ পদার্থাঅধ্যক্ষেণ ন প্রকাশ্যন্তে এবম্প্রকৃতি-লীনাঅপি ভাবানাবগম্যন্তে ইতি গুণযোগঃ প্রলয়কালে সূক্ষ্মরূপতয়া প্রকৃতৌ লীনমাসীদিত্যর্থঃ। তথা চ শ্রুতিঃ। তমআসীত্তমসা গূঢমগ্রইতি। প্রকৃতিরপি ব্রহ্মাত্মনা অব্যাকৃতাসীৎ অতএব অপ্রজ্ঞাতমপ্রত্যক্ষং সকল-প্রমাণশ্রেষ্ঠপ্রত্যক্ষগোচরঃ প্রজ্ঞাতইত্যুচ্যতে তন্ন ভবতীত্যপ্রজ্ঞাতং। অলক্ষণমননুমেয়ং লক্ষ্যতেঽনেনেতি লক্ষণং • লিঙ্গং তদস্য নাস্তীতি অলক্ষণং। অপ্রতর্ক্যং তর্কয়িতুমশক্যং তদানীং বাচকস্থূলশব্দাভাবাৎ শব্দতোঽপ্যবিজ্ঞেয়ং। এতদেব চ প্রমাণত্রয়ং সতর্কং দ্বাদশাধ্যায়ে মনুনা-ভ্যুপগতং। অতএব অবিজ্ঞেয়মিত্যর্থাপত্ত্যাদ্যগোচরমিতি ধরণীধরস্যাপি ব্যাখ্যানং। ন চ নাসীদেবেতি বাচ্যং তদানীং শ্রুতিসিদ্ধত্বাৎ। তথা চ শ্রূয়তে। তদ্ধেদন্তর্হ্যব্যাকৃতমাসীৎ। ছান্দোগ্যোপনিষচ্চ সদেব সৌম্যে-দমগ্রআসীৎ ইদঞ্জগৎ সদেবাসীদ্ব্রহ্মাত্মনা আসীদিত্যর্থঃ সচ্ছব্দোব্রহ্মবা-চকঃ। অতএব প্রসুপ্তমিব সর্ব্বতঃ প্রথমার্থে তসিঃ স্বকার্য্যাক্ষমমিত্যর্থঃ॥৫॥

ব্রহ্মহইতে অভিন্ন অথচ তমোরূপ প্রকৃতিতে প্রলয় কালে এই জগৎ সূক্ষ্মরূপে লীন হইয়া চিহ্নমাত্র রহিত, সুতরাং প্রত্যক্ষের অগোচর, অনু-মানের অগম্য, ও তর্কের অযোগ্য এবং শব্দের দ্বারাও অজ্ঞেয়, নিদ্রিতের ন্যায় স্বীয় কার্য্যে অক্ষম ছিল॥ ৫॥

5 THIS *universe* existed only *in the first divine idea yet unexpanded, as is involved* in darkness, imperceptible, undefinable, undiscoverable *by reason, and* undiscovered *by revelation*, as if it were wholly immersed in sleep :

ততঃ স্বয়ম্ভূর্ভগবানব্যক্তোব্যঞ্জয়ন্নিদং।
মহাভূতাদি বৃত্তৌজাঃ প্রাদুরাসীত্তমোনুদঃ॥ ৬॥

অথ কিমভূদিত্যাহ ততঃ স্বয়ম্ভূর্ভগবানিত্যাদি। ততঃ প্রলয়াবসানা-নন্তরং স্বয়ম্ভূঃ পরমাত্মা স্বয়ম্ভবতি স্বেচ্ছয়া শরীরপরিগ্রহং করোতি নত্বি-তরজীববৎ কর্ম্মায়ত্তদেহঃ। তথা চ শ্রুতিঃ। সএকধা ভবতি দ্বিধা ভব-তীতি। ভগবানৈশ্বর্য্যাদিসম্পন্নঃ। অব্যক্তোবাহ্যকরণাগোচরঃ যোগাভ্যা-সাবসেয়ইতি যাবৎ। ইদং মহাভূতাদি আকাশাদীনি মহাভূতানি আ-দিগ্রহণাৎ মহদাদীনি চ ব্যঞ্জয়ন্ অব্যক্তাবস্থং প্রথমং সূক্ষ্মরূপেণ ততঃ

স্থূলরূপেণ প্রকাশয়ন্, বৃত্তৌজাঃ বৃত্তমপ্রতিহতমুচ্যতে অতএব বৃত্তিসর্গ-তায়নেষু ক্রমইত্যত্র বৃত্তিরপ্রতিঘাত ইতি ব্যাখ্যাতং জয়াদিত্যেন বৃত্তম-প্রতিহতমোজঃ সৃষ্টিসামর্থ্যং যস্য সতথা। তমোনুদঃ প্রকৃতিপ্রেরকঃ। তদুক্তং ভগবদ্গীতায়াং। ময়াধ্যক্ষেণ প্রকৃতিঃ সূয়তে সচরাচরমিতি প্রাদুরাসীৎ প্রকাশিতোবভূব। তমোনুদঃ প্রলয়াবস্থাধ্বংসকইতি তু মেধাতিথিগোবিন্দরাজৌ ॥ ৬ ॥

প্রলয়ের পর সেই ভগবান্, যিনি স্বেচ্ছাধীন শরীর পরিগ্রহ করেন ও বহিরিন্দ্রিয়ের অগোচর এবং সৃষ্টিকরণে অখণ্ডশক্তি আর প্রকৃতির প্রেরক হয়েন, তিনি প্রকৃতিতে অবস্থিত এই আকাশাদি মহাভূত এবং মহত্তত্ত্ব প্রভৃতিকে প্রথমতঃ সূক্ষ্মরূপে পরে স্থূলরূপে প্রকাশ করত প্রকাশিত হইলেন ॥ ৬ ॥

6 Then the *sole* self-existing power, himself undiscerned, but making this world discernible, with five elements and other principles *of nature*, appeared with undiminished glory, *expanding his idea, or* dispelling the gloom.

যোসাবতীন্দ্রিয়গ্রাহ্যঃ সূক্ষ্মোঽব্যক্তঃ সনাতনঃ।
সর্ব্বভূতময়োঽচিন্ত্যঃ সএব স্বয়মুদ্বভৌ ॥ ৭ ॥

যোসাবিতি। যোসাবিতি সর্ব্বনামদ্বয়েন সকললোকবেদপুরাণেতিহাসাদিপ্রসিদ্ধং পরমাত্মানং নির্দ্দিশতি। অতীন্দ্রিয়গ্রাহ্যঃ ইন্দ্রিয়মতীত্য বর্ত্ততইত্যতীন্দ্রিয়ং মনঃ তদ্গ্রাহ্যইত্যর্থঃ যদাহ ব্যাসঃ নৈবাসৌ চক্ষুষা গ্রাহ্যোন চ শিষ্টৈরপীন্দ্রিয়ৈঃ। মনসা তু প্রসন্নেন গৃহ্যতে সূক্ষ্মদর্শিভিঃ। সূক্ষ্মোবহিরিন্দ্রিয়াগোচরঃ। অব্যক্তোব্যক্তিরবয়বঃ তদ্রহিতঃ। সনাতনো-নিত্যঃ। সর্ব্বভূতময়ঃ সর্ব্বভূতাত্মা। অতএবাচিন্ত্যঃ ইয়ত্তয়া পরিচ্ছেত্তুম-শক্যঃ। সএব স্বয়ং উদ্বভৌ মহদাদিকার্য্যরূপতয়া প্রাদুর্ব্বভূব, উৎপূর্ব্বো-ভাতিঃ প্রাদুর্ভাবে বর্ত্ততে ধাতুনামনেকার্থত্বাৎ ॥ ৭ ॥

সকল লোকে ও সকল বেদাদিতে প্রসিদ্ধ ও সূক্ষ্ম দর্শি দিগের নির্ম্মল অন্তঃকরণ দ্বারা গ্রাহ্য, বাহ্যেন্দ্রিয়ের অগোচর, অবয়ব রহিত, নিত্য এবং সকল ভূতের অন্তরাত্মা সুতরাং অচিন্তনীয় যে পরমাত্মা তিনিই স্বয়ং মহত্তত্ত্বাদি কার্য্যরূপে প্রকাশিত হইলেন ॥ ৭ ॥

7 HE, whom the mind alone can perceive, whose essence eludes the external organs, who has no visible parts, who exists from eternity, even HE, the soul of all beings, whom no being can comprehend, shone forth in person.

সোঽভিধ্যায় শরীরাৎ স্বাৎ সিসৃক্ষুর্বিবিধাঃ প্রজাঃ।
অপএব সসর্জ্জাদৌ তাসু বীজমবাসৃজৎ॥ ৮॥

সোঽভিধ্যায়েতি। সপরমাত্মা নানাবিধাঃ প্রজাঃ সিসৃক্ষুরভিধ্যায় আপোজায়ন্তামিত্যভিধ্যানমাত্রেণ অপএব সসর্জ্জ। অভিধ্যানপূর্ব্বিকাং সৃষ্টিং বদতোমনোঃ প্রকৃতিরেবাচেতনাঽস্বতন্ত্রা পরিণমতইত্যয়ং পক্ষোন সম্মতঃ কিন্তু ব্রহ্মৈবাব্যাকৃতশক্ত্যাত্মনা জগৎকারণমিতি শ্রিদ্ধিবেদান্তসিদ্ধান্তএবাভিমতঃ প্রতিভাতি। তথা চ ছান্দোগ্যোপনিষৎ তদৈক্ষত বহু স্যাং প্রজায়েয়েতি। অতএব শারীরকসূত্রকৃতা ব্যাসেন সিদ্ধান্তিতং। ঈক্ষতের্নাশব্দমিতি। ঈক্ষতেরীক্ষণশ্রবণাৎ ন প্রধানং জগৎকারণং অশব্দং ন বিদ্যতে শব্দঃ শ্রুতির্যস্য তদশব্দমিতি সূত্রার্থঃ। স্বাৎ স্বশরীরাৎ অব্যাকৃতরূপাৎ অব্যাকৃতমেব ভগবদ্ভাস্করীয়বেদান্তদর্শনে প্রকৃতিঃ তদেব চ তস্য শরীরং অব্যাকৃতশব্দেন পঞ্চভূতবুদ্ধীন্দ্রিয়কর্ম্মেন্দ্রিয়প্রাণমনঃকর্ম্মাবিদ্যাবাসনাএব সূক্ষ্মরূপতয়া শক্ত্যাত্মনা স্থিতাঅভিধীয়ন্তে। অব্যাকৃতস্য চ ব্রহ্মণা সহ অভেদস্বীকারাৎ ব্রহ্মাদ্বৈতং শক্ত্যাত্মনা চ ব্রহ্ম জগদ্রূপতয়া পরিণমতইত্যুভয়মপ্যুপপদ্যতে। আদৌ স্বকার্য্যভূমিব্রহ্মাণ্ডসৃষ্টেঃ প্রাক্। অপাং সৃষ্টিশ্চেয়ং মহদহঙ্কারতন্মাত্রক্রমেণ বোদ্ধব্যা মহাভূতাদি ব্যঞ্জয়ন্নিতি পূর্ব্বাভিধানাৎ অনন্তরমপি মহদাদিসৃষ্টের্বক্ষ্যমাণত্বাৎ। তাস্বপ্সু বীজং শক্তিরূপং আরোপিতবান্॥ ৮॥

সেই পরমেশ্বর স্বীয় শরীর অব্যাকৃত হইতে অর্থাৎ পঞ্চভূত, পঞ্চ জ্ঞানেন্দ্রিয়, পঞ্চ কর্ম্মেন্দ্রিয়, পঞ্চ প্রাণ, মনঃ, কর্ম্ম, অজ্ঞান ও সংস্কার ইহারদিগের সূক্ষ্ম রূপ ব্রহ্মশক্তিতে অভিন্ন সেই অব্যাকৃত স্বরূপ প্রকৃতি হইতে নানাবিধ প্রজা সৃষ্টি করিবার ইচ্ছায় "জল হউক" এই চিন্তা মাত্র দ্বারা পৃথিবী সৃষ্টির পূর্ব্বে মহত্তত্ত্বাদি ক্রমে জলের সৃষ্টি ও সেই জলে শক্তি রূপ বীজ আরোপণ করিলেন॥ ৮॥

8 HE, having willed to produce various beings from his own divine substance, first with a thought created the waters, and placed in them a productive seed;

তদণ্ডমভবদ্ধৈমং সহস্রাংশুসমপ্রভং।
তস্মিন্ জজ্ঞে স্বয়ং ব্রহ্মা সর্ব্বলোকপিতামহঃ॥ ৯॥

তদণ্ডমভবদ্ধৈমমিতি। তদ্বীজং পরমেশ্বরেচ্ছয়া হৈমমণ্ডমভবৎ হৈমমিব হৈমং তদ্ধি শুণযোগাৎ ন তু হৈমমেব তদীয়ৈকসকলেন ভূমিনির্ম্মাণস্য বক্ষ্যমাণত্বাৎ ভূমেশ্চাহৈমত্বস্য প্রত্যক্ষত্বাদুপচারাশ্রয়ণং। সহস্রাংশুরাদিত্যঃ তত্তুল্যপ্রভং। তস্মিন্নণ্ডে হিরণ্যগর্ভোজাতবান্ যেন পূর্ব্বজন্মনি হিরণ্যগর্ভোহমস্মীতি ভেদাভেদভাবনয়া পরমেশ্বরোপাসনা কৃতা তদীয়ং লিঙ্গশরীরাবচ্ছিন্নজীবমনুপ্রবিশ্য স্বয়ং পরমাত্মৈব হিরণ্যগর্ভরূপতয়া প্রাদুর্ভূতঃ সর্ব্বলোকানাং পিতামহোজনকঃ সর্ব্বলোকপিতামহইতি বা তস্য নাম॥ ৯॥

সেই বীজ হইতে পরমেশ্বরের ইচ্ছায় স্বর্ণের ন্যায় উজ্জ্বল এবং সূর্য্যের তুল্য প্রভান্বিত এক অণ্ড উৎপন্ন হইল, সেই অণ্ডের মধ্যে পরমাত্মা আপনি সর্ব্বলোক পিতামহ নামক হিরণ্য গর্ব্ভ রূপে প্রাদুর্ভূত হইলেন॥ ৯॥

9 That *seed* became an egg bright as gold, blazing like the luminary with a thousand beams; and in that egg he was born himself, *in the from of* BRAHMA', the great forefather of all spirits.

আপোনারা ইতি প্রোক্তাআপোবৈ নরসূনবঃ।
তাযদস্যায়নং পূর্ব্বং তেন নারায়ণঃ স্মৃতঃ॥ ১০॥

ইদানীমাগমপ্রসিদ্ধনারায়ণশব্দার্থনির্ব্বচনেন উক্তমেবার্থং দ্রঢ়য়তি আপোনারা ইত্যাদি। আপোনারাশব্দেনোচ্যন্তে, অপস্সু নারাশব্দস্যাপ্রসিদ্ধেস্তদর্থমাহ যতস্তানরাখ্যস্য পরমাত্মনঃ সূনবোহপত্যানি তস্যেদমিত্যণ্প্রত্যয়ঃ। যদ্যপি অণি কৃতে ঙীপ্প্রত্যয়ঃ প্রাপ্তস্তথাপি ছান্দসলক্ষণৈরপি স্মৃতিষু ব্যবহারাৎ সর্ব্বে বিধয়শ্ছন্দসি বিকল্প্যন্তইতি পাক্ষিকোঙীপ্প্রত্যয়ঃ তস্যাভাবপক্ষে সামান্যলক্ষণপ্রাপ্তে টাপি কৃতে নারা ইতি রূপসিদ্ধিঃ। আপোহস্য পরমাত্মনোব্রহ্মরূপেণাবস্থিতস্য পূর্ব্বময়নমাশ্রয়ইত্যসৌ নারায়ণইত্যাগমেষ্বাম্নাতঃ। গোবিন্দরাজেন তু আপোনরা ইতি পঠিতং ব্যাখ্যাতঞ্চ নরায়ণইতি প্রাপ্তে অন্যেষামপি দৃশ্যতইতি দীর্ঘত্বেন নারায়ণইতি রূপং। অন্যেত্বাপোনারা ইতি পঠন্তি॥ ১০॥

নর অর্থাৎ পরমাত্মা হইতে জলের উৎপত্তি হয়, এপ্রযুক্ত নারা

শব্দে জলকে কহাযায়, সেই জল পূর্ব্বে ব্রহ্মারূপে অবস্থিত পরমাত্মার অয়ন অর্থাৎ আশ্রয় ছিল, এই হেতু শাস্ত্রে তাঁহাকে নারায়ণ শব্দে কহিয়াছেন॥ ১০॥

10 The waters are called *nárá*, because they were the production of NARA, *or the spirit of* GOD; and, since they were his first *ayana*, or *place of motion*, he thence is named NÁRÁYANA, or *moving on the waters*

যত্তৎ কারণমব্যক্তং নিত্যং সদসদাত্মকং।
তদ্বিসৃষ্টঃ সপুরুষোলোকে ব্রহ্মেতি কীর্ত্ত্যতে॥ ১১॥

যত্তৎকারণমব্যক্তমিত্যাদি। যত্তদিতি সর্ব্বনামত্বাৎ লোকবেদাদি-সর্ব্বপ্রসিদ্ধং পরমাত্মানং নির্দ্দিশতি। কারণং সর্ব্বোৎপত্তিমতাং অব্যক্তং বহিরিন্দ্রিয়াগোচরং নিত্যং উৎপত্তিবিনাশরহিতং। বেদান্তসিদ্ধত্বাৎ সৎস্বভাবং প্রত্যক্ষাদ্যগোচরত্বাৎ অসৎস্বভাবমিব। অথ বা সদ্ভাবজাতগসদভাবঃ তয়োরাত্মভূতং। তথা চ শ্রুতিঃ। ঐতদাত্ম্যমিদং সর্ব্বমিতি। তদ্বিসৃষ্টঃ তেনোৎপাদিতঃ সপুরুষঃ সর্ব্বত্র ব্রহ্মেতি কীর্ত্ত্যতে॥ ১১॥

সেই পরমাত্মা যিনি সকল জন্য বস্তুর কারণ, এবং বহিরিন্দ্রিয়ের অগোচর, উৎপত্তি বিনাশ রহিত, এবং সৎ স্বরূপ ও প্রত্যক্ষাদির অগোচর হেতু অসৎ স্বভাবের ন্যায় হয়েন, তাঁহা কর্ত্তৃক উৎপাদিত যে সেই পুরুষ তিনি সর্ব্বত্র ব্রহ্মা নামেতে খ্যাত হয়েন॥ ১১॥

11 From THAT WHICH IS, the first cause, not the object of sense, existing *every where in substance*, not existing *to our perception*, without beginning or end, was produced the divine male, famed in all worlds under the appellation of BRAHMÁ.

তস্মিন্নণ্ডে সভগবানুষিত্বা পরিবৎসরং।
স্বয়মেবাত্মনোধ্যানাত্তদণ্ডমকরোদ্দ্বিধা॥ ১২॥

তস্মিন্নণ্ডে সভগবানিত্যাদি। তস্মিন্ পূর্ব্বোক্তেঽণ্ডে সব্রহ্মা বক্ষ্যমাণব্রহ্মমানেন সম্বৎসরমুষিত্বা স্থিত্বা আত্মনৈবাণ্ডং দ্বিধা ভবত্বিতি আত্মগতধ্যানমাত্রেণ তদণ্ডং দ্বিখণ্ডং কৃতবান্॥ ১২॥

সেই ভগবান্ ব্রহ্মা আত্ম পরিমাণের এক বৎসর কাল পূর্ব্বোক্ত অণ্ডে

স্থিতি করিয়া, "অণ্ড দ্বিখণ্ড হউক" এই আত্ম গত চিন্তা মাত্র দ্বারা সেই অণ্ডকে দুই ভাগ করিলেন ॥ ১২ ॥

12 In that egg the great power sat inactive a whole year *of the Creator*, at the close of which by his thought alone he caused the egg to divide itself;

তাভ্যাং সসকলাভ্যাঞ্চ দিবং ভূমিঞ্চ নির্ম্মমে।
মধ্যে ব্যোম দিশশ্চাষ্টাবপাং স্থানঞ্চ শাশ্বতং ॥ ১৩ ॥

তাভ্যাং সসকলাভ্যাঞ্চেত্যাদি। সকলং খণ্ডং তাভ্যামণ্ডসকলাভ্যাং উত্তরেণ দিবং স্বর্লোকং অধরেণ ভূর্লোকং উভয়োর্ম্মধ্যে আকাশং দিশশ্চান্তরালদিগ্‌ভিঃ সহাষ্টৌ সমুদ্রাখ্যং অপাং স্থানং স্থিরং নির্ম্মিতবান্ ॥ ১৩ ॥

ঐ দুই খণ্ড দ্বারা তিনি স্বর্গ ও ভূর্লোক অর্থাৎ উর্দ্ধখণ্ডে স্বর্গ এবং অধঃ খণ্ডে ভূর্লোক, আর উভয়ের মধ্যভাগে আকাশ এবং অষ্টদিক্ ও স্থিরতর জলস্থান অর্থাৎ সমুদ্র নির্ম্মাণ করিলেন ॥ ১৩ ॥

13 and from its two divisions he framed the heaven *above* and the earth *beneath* : in the midst *he placed* the subtil ether, the eight regions, and the permanent receptacle of waters.

উদ্বর্হাত্মনশ্চৈব মনঃ সদসদাত্মকং।
মনসশ্চাপ্যহঙ্কারমভিমন্তারমীশ্বরং ॥ ১৪ ॥

ইদানীং মহদাদিক্রমেণৈব জগন্নির্ম্মাণমিতি দর্শয়িতুং তত্তৎসৃষ্টিমাহ উদ্বর্হাত্মনশ্চৈবেত্যাদি। ব্রহ্মা আত্মনঃ পরমাত্মনঃ সকাশাত্তেন রূপেণ মনউদ্ধৃতবান্ পরমাত্মনএব ব্রহ্মস্বরূপেণোৎপন্নত্বাৎ পরমাত্মনএব চ মনঃসৃষ্টির্বেদান্তদর্শনে ন প্রধানাৎ। তথা চ শ্রুতিঃ এতস্মাজ্জায়তে প্রাণোমনঃ সর্ব্বেন্দ্রিয়াণি চ। খং বায়ুর্জ্জ্যোতিরাপঃ পৃথিবী বিশ্বস্য ধারিণী। মনশ্চ শ্রুতিসিদ্ধত্বাৎ যুগপজ্জ্ঞানানুৎপত্তিলিঙ্গাচ্চ সৎ অপ্রত্যক্ষত্বাদসদিতি। মনসঃ পূর্ব্বমহঙ্কারতত্ত্বং অহমিত্যভিমানাখ্যকার্য্যযুক্তং ঈশ্বরং স্বকার্য্যকরণক্ষমং ॥ ১৪ ॥

আর, তিনি মহত্তত্ত্বাদি কার্য্য সমষ্টিরূপ পরমাত্মা হইতে সেই রূপের দ্বারা মনকে নিঃসৃত করিয়াছিলেন, যে মনঃ শ্রুতি ও যুক্তিসিদ্ধ প্রযুক্ত সৎ

এবং প্রত্যক্ষের অগোচর হেতু অসতের ন্যায় হয়েন, আর মনের উৎপত্তির পূর্ব্বে অহং এই অভিমানরূপ কার্য্য যুক্ত এবং স্বকার্য্যক্ষম যে অহঙ্কার তত্ত্ব তাহাকে নিঃসৃত করিয়াছিলেন॥ ১৪ ॥

14 From the supreme soul he drew forth Mind, existing substantially though unperceived by sense, immaterial; and, *before mind, or the reasoning power, he produced* consciousness, the internal monitor, the ruler:

মহান্তমেব চাত্মানং সর্ব্বাণি ত্রিগুণানি চ।
বিষয়াণাং গ্রহীতৄণি শনৈঃ পঞ্চেন্দ্রিয়াণি চ॥ ১৫ ॥

মহান্তমেব চাত্মানমিত্যাদি। মহান্তমিতি মহদাখ্যতত্ত্বং অহঙ্কারাৎ পূর্ব্বং পরমাত্মনএবাব্যাকৃতশক্তিরূপপ্রকৃতিসহিতাদুদ্ধৃতবান্ আত্মনউৎপন্নত্বাৎ আত্মানং আত্মোপকারকত্বাদ্বা যান্যভিহিতানি অভিধাস্যন্তে চ তান্যুৎপত্তিমন্তি সর্ব্বাণি সত্ত্বরজস্তমোগুণযুক্তানি বিষয়াণাং শব্দস্পর্শরূপরসগন্ধানাং গ্রাহকাণি শনৈঃ ক্রমেণ বেদান্তসিদ্ধেন শ্রোত্রাদীনি দ্বিতীয়াধ্যায়বক্তব্যানি পঞ্চ বুদ্ধীন্দ্রিয়াণি চশব্দাৎ পঞ্চ পায্বাদীনি কর্ম্মেন্দ্রিয়াণি শব্দতন্মাত্রাদীনি চ পঞ্চোৎপাদিতবান্। নন্বভিধানপূর্ব্বকসৃষ্ট্যভিধানাদ্বেদান্তসিদ্ধান্তএব মনোরভিমতইতি প্রাগুক্তং তন্ন সঙ্গচ্ছতে। ইদানীং মহদাদিক্রমেণ সৃষ্ট্যভিধানাদ্বেদান্তদর্শনেন চ পরমাত্মনএবাকাশাদিক্রমেণ সৃষ্টিরুক্তা। তথা তৈত্তিরীয়োপনিষৎ। তস্মাদ্বাএতস্মাদাত্মনআকাশঃ সম্ভূতঃ আকাশাদ্বায়ুঃ বায়োরগ্নিঃ অগ্নেরাপঃ অদ্ভ্যঃ পৃথিবীতি। উচ্যতে প্রকৃতিতোমহদাদিক্রমেণ সৃষ্টিরিতি ভগবদ্ভাস্করীয়বেদান্তদর্শনেপ্যুপপদ্যতইতি তদ্বিদোব্যাচক্ষতে। অব্যাকৃতমেব প্রকৃতিরিষ্যতে তস্য চ সৃষ্ট্যুন্মুখত্বং সৃষ্ট্যাদ্যকালযোগরূপন্তদেব মহত্তত্ত্বং ততোবহু স্যামিতি অভিমানাত্মকেক্ষণকালযোগিত্বমব্যাকৃতস্যাহঙ্কারতত্ত্বং। ততআকাশাদিপঞ্চভূতসূক্ষ্মাণি ক্রমেণোৎপন্নানি পঞ্চ তন্মাত্রাণি ততস্তেভ্যএব স্থূলান্যুৎপন্নানি পঞ্চ মহাভূতানি সূক্ষ্মস্থূলক্রমেণৈব কার্য্যোদয়দর্শনাদিতি ন বিরোধঃ। অব্যাকৃতগুণত্বেপি সত্ত্বরজস্তমসাং সর্ব্বাণি ত্রিগুণানীত্যুপপদ্যতে। ভবতু বা সত্ত্বরজস্তমঃসমতারূপৈব মূলপ্রকৃতিঃ ভবন্তু চ তত্ত্বান্তরাণ্যেব মহদহঙ্কারতন্মাত্রাণি তথাপি প্রকৃতির্ব্রহ্মণোহনন্যেতি মনোঃ স্বরসঃ। যতোবক্ষ্যতি। সর্ব্বভূতেষু চাত্মানং সর্ব্বভূতানি

চাত্মনীতি। তথা এবং যঃ সর্ব্বভূতেষু পশ্যত্যাত্মানমাত্মনা। সসর্ব্বসমতা-মেত্য ব্রহ্মাভ্যেতি পরং পদমিতি॥ ১৫ ॥

অহঙ্কার তত্ত্বের সৃষ্টির পূর্ব্বে আত্মার উপকারক যে মহত্তত্ত্ব তাহাকে নিঃসৃত করিয়াছিলেন, আর বেদান্তে উক্ত যে সৃষ্টি ক্রম সেই ক্রমে শব্দঃ, স্পর্শ, রূপ, রস, গন্ধ এই সকল বিষয়ের গ্রাহক পঞ্চ জ্ঞানেন্দ্রিয়কে এবং পঞ্চ কর্ম্মেন্দ্রিয় ও পঞ্চ তন্মাত্রকে সৃষ্টি করিয়াছিলেন, পূর্ব্বে কথিত ও পরে বক্তব্য তাবৎ জন্য বস্তু সত্ত্ব, রজ, তম এই তিন গুণ যুক্ত হয়॥ ১৫ ॥

15 And, *before them both*, he produced the great *principle of the soul, or first expansion of the divine idea;* and all vital forms endued with the three qualities of *goodness, passion*, and *darkness;* and the *five* perceptions of sense, and the five organs of sensation.

তেষাস্ত্ববয়বান্ সূক্ষ্মান্ ষণ্ণামপ্যমিতৌজসাং।
সন্নিবেশ্যাত্মমাত্রাসু সর্ব্বভূতানি নির্ম্মমে॥ ১৬ ॥

তেষাস্ত্ববয়বান্ সূক্ষ্মানিত্যাদি। তেষাং ষণ্ণাং পূর্ব্বোক্তাহঙ্কারস্য তন্মাত্রাণাঞ্চ যে সূক্ষ্মা অবয়বাস্তান্ আত্মমাত্রাসু ষণ্ণাং স্ববিকারেষু যোজয়িত্বা মনুষ্যতির্য্যক্স্থাবরাদীনি সর্ব্বভূতানি পরমাত্মা নির্ম্মিতবান্ তত্র তন্মাত্রাণাং বিকারঃ পঞ্চ মহাভূতানি অহঙ্কারস্যেন্দ্রিয়াণি পৃথিব্যাদি-ভূতেষু শরীররূপতয়া পরিণতেষু তন্মাত্রাহঙ্কারযোজনাং কৃত্বা সকলস্য কার্য্যজাতস্য নির্ম্মাণং অতএবামিতৌজসাং অনন্তকার্য্যনির্ম্মাণেনাতিবী-র্য্যশালিনাং॥ ১৬ ॥

সেই ছয়, অর্থাৎ অহঙ্কার এবং পঞ্চ তন্মাত্র, যাহারা অপরিমিত কার্য্য নির্ম্মাণে অতি শক্তিমান্ হয়, তাহারদিগের সূক্ষ্ম অবয়বসকলকে স্বস্ব বিকারে অর্থাৎ অহঙ্কারের বিকার ইন্দ্রিয়, এবং পঞ্চতন্মাত্রের বিকার পঞ্চভূত ইহাতে যোজনা করিয়া মনুষ্য, পশু, পক্ষি, স্থাবরাদি সকল ভূতকে সেই পরমাত্মা নির্ম্মাণ করিলেন॥ ১৬ ॥

16 *Thus*, having at once pervaded, with emanations from the Supreme Spirit, the minutest portions of six principles immensely operative, *consciousness and the five perceptions*, He framed all creatures; *

যন্মূর্ত্ত্যবয়বাঃ সূক্ষ্মাস্তস্যেমান্যাশ্রয়ন্তি ষট্।
তস্মাচ্ছরীরমিত্যাহুস্তস্য মূর্ত্তিং মনীষিণঃ॥ ১৭ ॥

যন্মূর্ত্ত্যবয়বাঃ সূক্ষ্মাইত্যাদি। যস্মান্মূর্ত্তিঃ শরিরং তৎসম্পাদকাঅবয়বাঃ সূক্ষ্মাস্তন্মাত্রাহঙ্কাররূপাঃ ষট্ তস্য ব্রহ্মণঃ সপ্রকৃতিকস্য ইমানি বক্ষ্যমাণানি ভূতানীন্দ্রিয়াণি চ পূর্ব্বোক্তানি কার্য্যত্বেনাশ্রয়ন্তি তন্মাত্রেভ্যোভূতোৎপত্তেঃ অহঙ্কারাচ্চ ইন্দ্রিয়োৎপত্তেঃ। তথা চ পঠন্তি প্রকৃতের্মহাংস্ততোহঙ্কারস্তস্মাদ্গণশ্চ ষোড়শকঃ তস্মাদপি ষোড়শকাৎ পঞ্চভ্যঃ পঞ্চ ভূতানি। তস্মাত্তস্য ব্রহ্মণোযা মূর্ত্তিঃ স্বভাবস্তাস্তথা পরিণতামিন্দ্রিয়াদিশালিনীং লোকাঃ শরীরমিতি বদন্তি ষড়াশ্রয়ণাচ্ছরীরং ইতি শরীরনির্ব্বচনেনানেন পূর্ব্বোক্তোৎপত্তিক্রমএব দৃঢীকৃতঃ॥ ১৭॥

যেহেতু প্রকৃতির সহিত অভিন্ন পরমাত্মার মূর্ত্তির সম্পাদক যে ছয় সূক্ষ্ম অবয়ব, অর্থাৎ পঞ্চ তন্মাত্র ও অহঙ্কার তাহারা এই সকলকে আশ্রয় করে অর্থাৎ পঞ্চভূত এবং ইন্দ্রিয়রূপে পরিণত হয়, অতএব ঐ ভূতেন্দ্রিয় বিশিষ্ট ব্রহ্ম মূর্ত্তিকে পণ্ডিতেরা শরীর করিয়া কহেন॥ ১৭॥

17 And since the minutest particles of visible nature have a dependence on those *six* emanations from God, the wise have accordingly given the name of *sárira*, or *depending on six, that is, the ten organs on consciousness, and the five elements on as many perceptions*, to His *image or* appearance in visible nature:

তদাবিশন্তি ভূতানি মহান্তি সহ কর্ম্মভিঃ।
মনশ্চাবয়বৈঃ সূক্ষ্মৈঃ সর্ব্বভূতকৃদব্যয়ং॥ ১৮॥

তদাবিশন্তি ভূতানীত্যাদি। পূর্ব্বশ্লোকে তস্যেতি প্রকৃতং ব্রহ্ম অত্র তদিতি পরামৃষ্যতে তদ্ব্রহ্ম শব্দাদিপঞ্চতন্মাত্রাত্মনাবস্থিতং মহাভূতান্যাকাশাদীনি আবিশন্তি তেভ্যউৎপদ্যন্তে সহ কর্ম্মভিঃ স্বকার্য্যৈঃ তত্রাকাশস্যাবকাশদানং কর্ম্ম বায়োর্ব্বহনং বিন্যাসরূপং তেজসঃ পাকোঽপাং সংগ্রহণং পিণ্ডীকরণরূপং পৃথিব্যাধারণং। অহঙ্কারাত্মনাবস্থিতং ব্রহ্ম মনআবিশত্যহঙ্কারাদুৎপদ্যতইত্যর্থঃ। অবয়বৈঃ স্বকার্য্যৈঃ শুভাশুভসঙ্কল্পসুখদুঃখাদিরূপৈঃ সূক্ষ্মৈর্বহিরিন্দ্রিয়াগোচরৈঃ সর্ব্বভূতকৃৎ সর্ব্বোৎপত্তিনিমিত্তং মনোজন্যশুভাশুভকর্ম্মপ্রভবত্বাজ্জগতঃ অব্যয়মবিনাশি॥১৮॥

মহাভূত সকল আপন আপন কার্য্য অর্থাৎ আকাশের অবকাশ দান, বায়ুর চালন, তেজের পাক, জলের পিণ্ডকরণ, পৃথিবীর ধারণ কার্য্য এবং শুভাশুভ সঙ্কল্প ও সুখ দুঃখাদি মনের কার্য্য, সেই কার্য্যের সহিত মহা-

ভূত সকল পঞ্চতন্মাত্ররূপে অবস্থিত ব্রহ্মেতে আবেশ করে অর্থাৎ ঐ তন্মাত্র হইতে উৎপন্ন হয়, এবং মন যিনি শুভাশুভ কর্ম্মের হেতু এপ্রযুক্ত জগতের কারণ আর অবিনাশি হয়েন, তিনি বহিরিন্দ্রিয়ের অগোচর যে স্বীয় কার্য্য, তাহার সহিত সেই অহঙ্কার রূপে অবস্থিত ব্রহ্মেতে আবেশ করেন, অর্থাৎ অহঙ্কার হইতে উৎপন্ন হয়েন॥ ১৮॥

18 Thence proceed the great elements, endued with peculiar powers, and Mind with operations infinitely subtil, the unperishable cause of all apparent forms.

তেষামিদন্তু সপ্তানাং পুরুষাণাং মহৌজসাং।
সূক্ষ্মাভ্যোমূর্ত্তিমাত্রাভ্যঃ সম্ভবত্যব্যয়াদ্ব্যয়ং॥ ১৯॥

তেষামিদন্তু সপ্তানামিত্যাদি। তেষাং পূর্ব্বপ্রকৃতীনাং মহদহঙ্কার-তন্মাত্রাণাং সপ্তসঙ্খ্যানাং পুরুষাদাত্মনউৎপন্নত্বাৎ তদ্বৃত্তিগ্রাহ্যত্বাচ্চ পুরু-ষানাং মহৌজসাং স্বকার্য্যসম্পাদনেন বীর্য্যবতাং সূক্ষ্মাযামূর্ত্তিমাত্রাঃ শরীরসম্পাদকভাগাস্তাভ্যইদং জগৎ নশ্বরং সম্ভবত্যনশ্বরাৎ যৎ কার্য্যং তদ্বিনাশি স্বকারণেলীয়তে কারণন্তু কার্য্যাপেক্ষয়া স্থিরং পরমকারণন্তু ব্রহ্ম নিত্যমুপাসনীয়মিত্যেতদ্দর্শয়িতুময়মনুবাদঃ॥ ১৯॥ ০

পুরুষশব্দে আত্মা, তাঁহাহইতে উৎপন্ন প্রযুক্ত পুরুষ পূর্ব্বোক্ত সপ্ত অর্থাৎ মহৎ ও অহঙ্কার এবং পঞ্চতন্মাত্র, যাহারা আপন আপন কার্য্য জন্মাইতে অতি সামর্থ্যবান্ তাহারদিগের যে সূক্ষ্ম ভাগ, যাহা শরীরের সম্পাদক, তদ্দ্বারা অনশ্বর হইতে এই নশ্বর জগৎ উৎপন্ন হয়॥ ১৯॥

19 This *universe*, therefore, is compacted from the minute portions of those seven divine and active principles, *the great Soul, or first emanation, consciousness, and five perceptions; a* mutable *universe* from immutable *ideas.*

আদ্যাদ্যস্য গুণন্ত্বেষামবাপ্নোতি পরঃ পরঃ।
যোযোযাবতিথশ্চৈষাং সসতাবদ্গুণঃ স্মৃতঃ॥ ২০॥

আদ্যাদ্যস্য গুণং ত্বেষামিত্যাদি। এষামিতি পূর্ব্বতরশ্লোকে তদাবিশন্তি ভূতানীত্যত্র ভূতানাং পরামর্শঃ। তেষাঞ্চাকাশাদিক্রমেণোৎপত্তিক্রমঃ। শব্দাদিগুণবত্ত্বা চ বক্ষ্যতে। তত্রাদ্যাদ্যস্যাকাশাদেগুর্ণং শব্দাদিকং বায়্বাদিঃ পরঃ পরঃ প্রাপ্নোতি। এতদেব স্পষ্টয়তি যোযইতি। যেষাং

মধ্যে যোযোযাবতাং পূরণোযাবতিথঃ বভোরিথুক্ সসদ্বিতীয়াদিঃ দ্বিতীয়োদ্বিগুণঃ তৃতীয়স্ত্রিগুণইত্যেবমাদির্মন্বাদিভিঃ স্মৃতঃ। এতেনৈ-তদুক্তং ভবতি আকাশস্য শব্দোগুণঃ বায়োঃ শব্দস্পর্শৌ তেজসঃ শব্দস্পর্শরূপাণি অপাং শব্দস্পর্শরূপরসাঃ ভূমেঃ শব্দস্পর্শরূপরস-গন্ধাঃ। অত্র যদ্যপি নিত্যবীপ্সয়োরিতি দ্বির্বচনেনাদ্যস্যাদ্যস্যেতি প্রাপ্তং তথাপি স্মৃতীনাং ছন্দঃসমানবিষয়ত্বাৎ সুপাংসুলুগিতি প্রথমাদ্যস্য সুপ্-লুক্ তেনাদ্যাদ্যস্যেতি রূপসিদ্ধিঃ ॥ ২০ ॥

এই আকাশাদি পঞ্চভূতের মধ্যে পূর্ব্ব পূর্ব্ব ভূতের গুণকে পর পর ভূতেরা প্রাপ্ত হয়, অর্থাৎ এই সকলের মধ্যে যে যে ভূত যত সংখ্যক সেই সেই ভূত তত গুণ বিশিষ্ট হয়, ইহা মনু প্রভৃতি স্মরণ করিয়াছেন ॥ ২০ ॥

20 Among them each succeeding element acquires the quality of the preceding; and, in as many degrees as each of them is advanced, with so many properties is it said to be endued.

সর্ব্বেষান্তু সনামানি কর্ম্মাণি চ পৃথক্ পৃথক্।
বেদশব্দেভ্যএবাদৌ পৃথক্ সংস্থাশ্চ নির্ম্মমে ॥ ২১ ॥

সর্ব্বেষান্তু সনামানীত্যাদি। সপরমাত্মা হিরণ্যগর্ব্ভরূপেণাবস্থিতঃ সর্ব্বে-ষাং নামানি গোজাতেগৌরিতি অশ্বজাতেরশ্বইতি। কর্ম্মাণি ব্রাহ্মণ-স্যাধ্যয়নাদীনি ক্ষত্রিয়স্য প্রজারক্ষাদীনি পৃথক্ পৃথক্ যস্য পূর্ব্বকল্পে যান্যভূবন্ আদৌ সৃষ্ট্যাদৌ বেদশব্দেভ্যএবাবগম্য নির্মিতবান্। ভগবতা ব্যাসেনাপি বেদমীমাংসায়াং বেদপূর্ব্বিকৈব জগৎসৃষ্টির্ব্যুৎপাদিতা। তথা চ শারীরকসূত্রং। শব্দইতি চেন্নাতঃ প্রভবাৎ প্রত্যক্ষানুমানাভ্যাং। অস্যার্থঃ। দেবতানাং বিগ্রহবত্ত্বে বৈদিকে বস্বাদিশব্দে দেবতাবাচিনি বিরোধঃ স্যাৎ বেদস্যাদিমত্ত্বপ্রসঙ্গাদিতি চেন্নাস্তি বিরোধঃ। কস্মাদতঃ শব্দাদেব জগতঃ প্রভবাদুৎপত্তেঃ প্রলয়কালেপি সূক্ষ্মরূপেণ পরমাত্মনি বেদরাশিঃ স্থিতঃ সইহ কল্পাদৌ হিরণ্যগর্ব্ভস্য পরমাত্মনএব প্রথমদেহি-মূর্ত্তের্মনস্যবস্থান্তরমনাপন্নঃ সুপ্তপ্রবুদ্ধস্যেব প্রাদুর্ভবতি তেন প্রদী-পস্থানীয়েন সুরনরতির্য্যগাদি প্রবিভক্তং জগৎ অভিধেয়ভূতং নির্মি-মীতে কথমিদমবগম্যতে প্রত্যক্ষানুমানাভ্যাং শ্রুতিস্মৃতিভ্যামিত্যর্থঃ প্রত্য-ক্ষং শ্রুতিরনপেক্ষত্বাৎ। অনুমানং স্মৃতিরনুমীয়মানশ্রুতিসাপেক্ষত্বাৎ তথা চ শ্রুতিঃ। এতইতি বৈ প্রজাপতির্দেবানসৃজতাসৃজদগ্রমিতি

মনুষ্যানিন্দ্রবইতি পিতৄন্ তিরঃ পবিত্রমিতি গ্রহানাবসবইতি স্তোত্রং বিশ্বানীতি শস্ত্রমিতি সৌভগেত্যন্যাঃ প্রজাঃ। স্মৃতিস্তু সর্ব্বেষাস্তু সনামা-নীত্যাদিকা মন্বাদিপ্রণীতা এব। পৃথক্ সংস্থাশ্চেতি লৌকিকীশ্চ ব্যবস্থাঃ কুলালস্য ঘটনির্ম্মাণং কুবিন্দস্য পটনির্ম্মাণমিত্যাদিকা বিভাগেন নির্ম্মি-তবান্ ॥ ২১ ॥

সেই হিরণ্য গর্ভ, সৃষ্টির প্রথমে বেদের পদ হইতেই অবগত হইয়া সকলের নাম এবং কর্ম্ম ও ব্যবসায়, পৃথক্ পৃথক্ অর্থাৎ পূর্ব্ব কল্পে যাহার যে নাম প্রভৃতি ছিল, তদ্রূপ নিরূপণ করিলেন ॥ ২১ ॥

21 He too first assigned to all creatures distinct names, distinct acts, and distinct occupations; as they had been revealed in the pre-existing *Véda*:

কর্ম্মাত্মনাঞ্চ দেবানাং সোঽসৃজৎ প্রাণিনাং প্রভুঃ।
সাধ্যানাঞ্চ গণং সূক্ষ্মং যজ্ঞঞ্চৈব সনাতনং ॥ ২২ ॥

কর্ম্মাত্মনাঞ্চ দেবানামিত্যাদি। সব্রহ্মা দেবানাং গণমসৃজৎ। প্রাণি-নামিন্দ্রাদীনাং কর্ম্মাণি আত্মা স্বভাবোযেষাং তেষামপ্রাণিনাঞ্চ গ্রাবাদী-নান্দেবানাং সাধ্যানাঞ্চ দেববিশেষাণাং সমূহং যজ্ঞঞ্চ জ্যোতিষ্টোমাদিকং কল্পান্তরেপ্যনুমীয়মানত্বান্নিত্যং সাধ্যানাঞ্চ গণস্য পৃথগ্বচনং সূক্ষ্মত্বাৎ ॥২২॥

সেই প্রভু ব্রহ্মা, প্রাণি যে ইন্দ্রাদি দেবগণ, যাঁহারা কর্ম্ম স্বরূপ হয়েন, তাঁহারদিগকে এবং অপ্রাণি প্রস্তরাদিময় দেবগণকে ও সূক্ষ্ম সাধ্যগণ, আর অন্য কল্পেতেও ইহার অনুষ্ঠান ছিল, এ প্রযুক্ত নিত্য যে জ্যোতিষ্টোমাদি যজ্ঞ তাহাকেও সৃষ্টি করিলেন ॥ ২২ ॥

22 He, the supreme ruler, created an assemblage of inferior Deities, with divine attributes and pure souls; and a number of Genii exquisitely delicate; and he *prescribed* the sacrifice ordained from the beginning.

অগ্নিবায়ুরবিভ্যস্তু ত্রয়ং ব্রহ্ম সনাতনং।
দুদোহ যজ্ঞসিদ্ধ্যর্থমৃগ্‌যজুঃসামলক্ষণং ॥ ২৩ ॥

অগ্নিবায়ুরবিভ্যস্ত্বিত্যাদি। ব্রহ্মা ঋগ্‌জুঃসামসংজ্ঞং বেদত্রয়ং অগ্নি-বায়ুরবিভ্যআকৃষ্টবান্ সনাতনং নিত্যং বেদাপৌরুষেয়ত্বপক্ষএবং মনো-রভিমতঃ পূর্ব্বকল্পে যে বেদাস্তএব পরমাত্মমূর্ত্তেব্র্রহ্মণঃ সর্ব্বজ্ঞস্য

স্মৃত্যারূঢ়াঃ। তানেব কল্পাদৌ অগ্নিরায়ুরবিভ্যআচকর্ষ শ্রৌতশ্চায়-মর্থোন শঙ্কনীয়ঃ। তথা চ শ্রুতিঃ অগ্নেঋর্গ্বেদোবায়োর্যজুর্বেদআদিত্যাৎ সামবেদইতি আকর্ষণার্থত্বাদ্দুহিধাতোর্নাগ্নিবায়ুরবীনামকথিতকর্ম্মতা কিন্তুপাদানতৈব যজ্ঞসিদ্ধ্যর্থং ত্রয়ীসম্পাদ্যত্বাৎ যজ্ঞানাং। আপীনস্থক্ষীরবৎ বিদ্যমানানামেব বেদানামভিব্যক্তিপ্রদর্শনার্থং আকর্ষণবাচকোগৌণোদুহিঃ প্রযুক্তঃ ॥ ২৩ ॥

পূর্ব্ব কল্পে যে সকল বেদ ছিলেন, তাঁহারা ব্রহ্মার স্মৃতিতে উপস্থিত হইলে, তিনি যজ্ঞ সিদ্ধির নিমিত্ত সেই ঋক্, যজুঃ, সাম নামক তিন সনাতন বেদকে অগ্নি, বায়ু, সূর্য্য, হইতে দুগ্ধাকর্ষণের ন্যায় প্রকাশ করিলেন ॥ ২৩ ॥

23 From fire, from air, and from the sun he milked out, *as it were*, the three primordial *Védas*, named *Rík*, *Yajuh*, and *Sáma*, for the due performance of the sacrifice.

কালং কালবিভক্তীশ্চ নক্ষত্রাণি গ্রহাংস্তথা।
সরিতঃ সাগরান্ শৈলান্ সমানি বিষমাণি চ ॥ ২৪ ॥

কালং কালবিভক্তীশ্চেত্যাদি। অত্র সসর্জ্জেত্যুত্তরশ্লোকবর্ত্তিনী ক্রিয়া সম্বধ্যতে আদিত্যাদিক্রিয়াপ্রচয়রূপং কালং কালবিভক্তীর্মাসর্ত্বয়নাদ্যাঃ নক্ষত্রাণি কৃত্তিকাদীনি গ্রহান্ সূর্য্যাদীন্ সরিতোনদীঃ সাগরান্ সমুদ্রান্ শৈলান্ পর্ব্বতান্ সমানি সমস্থানানি বিষমাণি উচ্চনীচরূপাণি ॥ ২৪ ॥

সূর্য্যাদির গমন ক্রিয়া সমূহরূপ কাল, ও কালবিভাগ সকল, অর্থাৎ মাস, ঋতু, অয়ন প্রভৃতি এবং নক্ষত্র সকল, ও গ্রহ সকল, নদীসকল, সমুদ্র সকল, পর্ব্বত সকল, আর সমান স্থান সকল, এবং উচ্চ নীচ স্থান সকল সৃষ্টি করিলেন ॥ ২৪ ॥

24 He gave being to time and the divisions of time, to the stars also, and to the planets, to rivers, oceans, and mountains, to level plains, and uneven valleys,

তপোবাচং রতিঞ্চৈব কামাংশ্চ ক্রোধমেব চ।
সৃষ্টিং সসর্জ্জ চৈবেমাং স্রষ্টুমিচ্ছন্নিমাঃ প্রজাঃ ॥ ২৫ ॥

তপোবাচমিত্যাদি। তপঃ প্রাজাপত্যাদি বাচং বাণীং রতিঃ চেতঃপরিতোষং কামমিচ্ছাং ক্রোধং চেতোবিকারং ইমাং এতচ্ছ্লোকোক্তাং

পূর্ব্বশ্লোকোক্তাঞ্চ সৃষ্টিং চকার সৃজ্যতইতি সৃষ্টিঃ কর্ম্মণি ক্তিন্ ইমাঃ প্রজাবক্ষ্যমাণাদেবাদিকাঃ কর্ত্তুমিচ্ছন্ ॥ ২৫ ॥

পরে বক্তব্য দেবাদি প্রজাদিগের সৃষ্টি করত তপস্যা ও বাণী, চিত্তপরিতোষ, কামনা, ক্রোধ এই সকলকেও তিনি সৃষ্টি করিলেন ॥ ২৫ ॥

25 To devotion. speech, complacency, desire, and wrath, and to the creation, which shall presently be mentioned ; for He willed the existence of all those created things.

কর্ম্মণাঞ্চ বিবেকার্থং ধর্ম্মাধর্ম্মৌ ব্যবেচয়ৎ।
দ্বন্দ্বৈরযোজয়চ্চেমাঃ সুখদুঃখাদিভিঃ প্রজাঃ ॥ ২৬ ॥

কর্ম্মণাঞ্চেতি। ধর্ম্মোযজ্ঞাদিঃ সকর্ত্তব্যঃ অধর্ম্মোব্রহ্মবধাদিঃ সন কর্ত্তব্যঃ ইতি কর্ম্মণাং বিভাগায় ধর্ম্মাধর্ম্মৌ ব্যবেচয়ৎ পৃথক্ত্বেনাভ্যধাৎ ধর্ম্মস্য ফলং সুখং অধর্ম্মস্য ফলং দুঃখং ধর্ম্মাধর্ম্মফলভূতৈর্দ্বন্দ্বৈঃ পরস্পরবিরুদ্ধৈঃ সুখদুঃখাদিভিরিমাঃ প্রজাঃ যোজিতবান্ আদিগ্রহণাৎ কামক্রোধরাগদ্বেষক্ষুৎপিপাসাশোকমোহাদিভিঃ ॥ ২৬ ॥

কর্ত্তব্যাকর্ত্তব্য রূপ কর্ম্ম বিভাগের নিমিত্ত ধর্ম্ম ও অধর্ম্মকে পৃথক্ রূপে তিনি নির্দ্দেশ করিলেন, আর ধর্ম্মাধর্ম্মের ফল পরস্পর বিরোধি যে সুখ দুঃখ প্রভৃতি তাহার সহিত এই প্রজা সকলকে যুক্ত করিলেন ॥ ২৬ ॥

26 For the sake of distinguishing actions, He made a total difference between right and wrong, and enured these sentient creatures to pleasure and pain, *cold and heat*, and other opposite pairs.

অণ্ব্যোমাত্রাবিনাশিন্যোদশার্দ্ধানাস্তু যাঃ স্মৃতাঃ।
তাভিঃ সার্দ্ধমিদং সর্ব্বং সম্ভবত্যনুপূর্ব্বশঃ ॥ ২৭ ॥

অণ্ব্যোমাত্রেতি। দশার্দ্ধানাং পঞ্চানাং মহাভূতানাং যাঃ সূক্ষ্মাঃ পঞ্চতন্মাত্ররূপাবিনাশিন্যঃ পঞ্চমহাভূতরূপতয়া বিপরিণামিন্যঃ তাভিঃ সহ উক্তং বক্ষ্যমাণঞ্চেদং সর্ব্বমুৎপদ্যতে অনুপূর্ব্বশঃ ক্রমেণ সূক্ষ্মাৎ স্থূলং স্থূলাৎ স্থূলতরমিত্যনেন। সর্ব্বশক্তের্ব্রহ্মণোমানসসৃষ্টিঃ কদাচিত্তত্ত্বনিরপেক্ষা স্যাদিতীমাং শঙ্কামপনিনীষন্ তদ্দ্বারেণৈবেয়ং সৃষ্টিরিতি মধ্যে পুনঃ পূর্ব্বোক্তং স্মারিতবান্ ॥ ২৭ ॥

পঞ্চ মহাভূতের যে তন্মাত্ররূপ সূক্ষ্মাংশ, যাহারা মহাভূতরূপে পরিণত হয়, তাহারদিগের সহিত অর্থাৎ তাহারদিগের অবলম্বন দ্বারা এই সমুদায় জগৎ সূক্ষ্ম হইতে স্থূল, ও স্থূল হইতে স্থূলতর এই ক্রমে উৎপন্ন হয় ॥ ২৭ ॥

27 With very minute transformable portions, called *mátrás*, of the five elements, all this perceptible world was composed in fit order ;

যন্তু কর্ম্মাণি যস্মিন্ সন্যযুঙ্ক্ত প্রথমং প্রভুঃ।
সতদেব স্বয়ম্ভেজে সৃজ্যমানঃ পুনঃ পুনঃ ॥ ২৮ ॥

যন্তু কর্ম্মাণীতি। সপ্রজাপতির্যং জাতিবিশেষং ব্যাঘ্রাদিকং যস্যাং ক্রিয়ায়াং হরিণমারণাদিকায়াং সৃষ্ট্যাদৌ নিযুক্তবান্ সজাতিবিশেষঃ পুনঃ পুনরপি সৃজ্যমানঃ স্বকর্ম্মবশেন তদেকাচরিতবান্। এতেন প্রাণিকর্ম্মসাপেক্ষ্যং প্রজাপতেরুত্তমাধমজাতিনির্ম্মাণং ন রাগদ্বেষাধীনমিতি দর্শিতং। অতএব বক্ষ্যতি। যথাকর্ম্ম তপোযোগাৎ সৃষ্টং স্থাবরজঙ্গমমিতি ॥ ২৮ ॥

সেই প্রজাপতি সৃষ্টির আদিতে যে জাতি বিশেষকে যে কর্ম্মে নিযুক্ত করিয়াছিলেন, সেই জাতি বিশেষ পুনঃ পুনঃ জন্ম পাইয়া স্বয়ং অর্থাৎ স্বকর্ম্মবশতঃ সেই কর্ম্মকে আচরণ করিবেক ॥ ২৮ ॥

28 And in whatever occupation the supreme Lord first employed any vital soul, to that occupation the same soul attaches itself spontaneously, when it receives a new body again and again :

হিংস্রাহিংস্রে মৃদুক্রূরে ধর্ম্মাধর্ম্মাবৃতানৃতে।
যদ্‌যস্য সোঽদধাৎ সর্গে তত্তস্য স্বয়মাবিশৎ ॥ ২৯ ॥

এতদেব প্রপঞ্চয়তি হিংস্রাহিংস্রে ইত্যাদি। হিংস্রং কর্ম্ম সিংহাদেঃ করিমারণাদিকং অহিংস্রং হরিণাদেঃ মৃদুদয়াপ্রধানং বিপ্রাদেঃ ক্রূরং ক্ষত্রিয়াদেঃ ধর্ম্মোযথা ব্রহ্মচর্য্যাদেগুরুশুশ্রূষাদিঃ অধর্ম্মোযথা তস্যৈব মাংসমৈথুনসেবাদিঃ। ঋতং সত্যং তচ্চ প্রায়েণ দেবানাং অনৃতমসত্যং তদপি প্রায়েণ মনুষ্যাণাং। তথা চ শ্রুতিঃ। সত্যবাচোদেবাঃ অনৃতবাচোমনুষ্যাইতি। তেষাং মধ্যে যৎ কর্ম্ম সপ্রজাপতিঃ সর্গাদৌ যস্যাধারয়ৎ সৃষ্ট্যুত্তরকালমপি সতদেব কর্ম্ম প্রাক্তনাদৃষ্টবশাৎ স্বয়মেব ভেজে ॥ ২৯ ॥

হিংসাযুক্ত ও হিংসাশূন্য কর্ম্ম, মৃদু ও ক্রূর কর্ম্ম, ধর্ম্ম ও অধর্ম্ম কর্ম্ম, সত্য ও অসত্য এই সকলের মধ্যে যে কর্ম্ম যাহার সম্বন্ধে তিনি সৃষ্টির প্রথমে নিশ্চয় করিয়াছিলেন, সে সেই কর্ম্মকে সৃষ্টির পরেতেও পূর্ব্বাভীষ্ট বশতঃ স্বয়ং প্রাপ্ত হইল॥ ২৯॥

29 Whatever quality, noxious or innocent, harsh or mild, unjust or just, false or true, He conferred on any being at its creation, the same quality enters it of course *on its future births ;*

যথর্ত্তুলিঙ্গান্যৃতবঃ স্বয়মেবর্ত্তুপর্য্যয়ে।
স্বানি স্বান্যভিপদ্যন্তে তথা কর্ম্মাণি দেহিনঃ॥ ৩০॥

অত্র দৃষ্টান্তমাহ যথর্ত্ত্বিতি। যথা বসন্তাদিঋতবঃ ঋতুচিহ্নানি চূতমঞ্জর্য্যাদীনি ঋতুপর্য্যয়ে স্বকার্য্যাবসরে স্বয়মেব আপ্নুবন্তি। তথা দেহিনোঽপি হিংস্রাদীনি কর্ম্মাণি॥ ৩০॥

যেমন ঋতু সকল আপন আপন কার্য্য সময়ে স্ব স্ব চিহ্নকে স্বয়ং প্রাপ্ত হয়, সেই রূপ দেহি সকল স্বীয় স্বীয় কর্ম্মকে প্রাপ্ত হয়॥ ৩০॥

30 As the *six* seasons of the year attain respectively their peculiar marks in due time and of their own accord, even so the several acts of each embodied spirit *attend it naturally.*

লোকানান্তু বিবৃদ্ধ্যর্থং মুখবাহূরুপাদতঃ।
ব্রাহ্মণং ক্ষত্রিয়ং বৈশ্যং শূদ্রঞ্চ নিরবর্ত্তয়ৎ॥ ৩১॥

লোকানাং ত্বিতি। ভূর্লোকাদীনাং বাহুল্যার্থং মুখবাহূরুপাদেভ্যোব্রাহ্মণক্ষত্রিয়বৈশ্যশূদ্রান্ যথাক্রমং নির্ম্মিতবান্। ব্রাহ্মণাদিভিঃ সায়ং প্রাতরগ্নাবাহুতিঃ প্রক্ষিপ্তা সূর্য্যমুপতিষ্ঠতে সূর্য্যাদ্বৃষ্টিঃ বৃষ্টেরন্নমন্নাৎ প্রজাবাহুল্যং। বক্ষ্যতি চ অগ্নৌ প্রাস্তাহুতিঃ সম্যগাদিত্যমিত্যাদি। দৈব্যা চ শক্ত্যা মুখাদিভ্যোব্রাহ্মণাদিনির্ম্মাণং ব্রহ্মণোন বিশঙ্কনীয়ং শ্রুতিসিদ্ধত্বাৎ। তথা চ শ্রুতিঃ। ব্রাহ্মণোঽস্য মুখমাসীদিত্যাদি॥ ৩১॥

ভূপ্রভৃতি লোক সকলের বৃদ্ধির নিমিত্তে তিনি মুখ, বাহু, উরু, এবং চরণ হইতে ক্রমে ব্রাহ্মণ, ক্ষত্রিয় বৈশ্য, ও শূদ্রকে নির্ম্মাণ করিলেন॥৩১॥

31 That the human race might be multiplied, he caused the *Bráhman*, the *Kshatriya*, the *Vaishya*, and the *Súdra* (so named from the

scripture, protection, wealth, and *labour)* to proceed from his mouth, his arm, his thigh, and his foot.

দ্বিধা কৃত্বাত্মনোদেহমর্দ্ধেন পুরুষোভবৎ।
অর্দ্ধেন নারী তস্যাং সবিরাজমসৃজৎ প্রভুঃ ॥ ৩২ ॥

দ্বিধা কৃত্বেতি। সব্রহ্মা নিজদেহং দ্বিখণ্ডং কৃত্বা অর্দ্ধেন পুরুষোজাতঃ অর্দ্ধেন স্ত্রী তস্যাং মৈথুনধর্ম্মেণ বিরাট্‌সংজ্ঞং পুরুষং নির্ম্মিতবান্। শ্রুতিশ্চ ততোবিরাড়জায়তেতি ॥ ৩২ ॥

সেই প্রভু আপন শরীরকে দুইভাগ করিয়া অর্দ্ধভাগে পুরুষ ও অর্দ্ধ ভাগে নারী হইলেন, এবং ঐ স্ত্রীতে বিরাটকে উৎপন্ন করিলেন ॥ ৩২ ॥

32 Having divided his own substance, the mighty power became half male, half female, *or nature active and passive*; and from that female he produced VIRA'J:

তপস্তপ্ত্বাসৃজদ্‌যন্তু সস্বয়ং পুরুষোবিরাট্।
তং মাং বিত্তাস্য সর্ব্বস্য স্রষ্টারং দ্বিজসত্তমাঃ ॥ ৩৩ ॥

তপস্তপ্ত্বেতি। সবিরাট্ তপোবিধায় যং নির্মিতবান্ তং মাং মনুং জানীত অস্য সর্ব্বস্য জগতঃ স্রষ্টারং ভোদ্বিজসত্তমাঃ। এতেন স্বজন্মোৎকর্ষসামর্থ্যাতিশয়াবভিহিতবান্ লোকানাং প্রত্যয়িতপ্রত্যয়ার্থং ॥ ৩৩ ॥

হেব্রাহ্মণ শ্রেষ্ঠ সকল, সেই বিরাট পুরুষ তপস্যা করিয়া স্বয়ং যাহাকে সৃষ্টি করিলেন সে এই সকলের অর্থাৎ জগতের সৃষ্টিকর্ত্তা যে আমি আমাকে জানিবে ॥ ৩৩ ॥

33 Know Me, O most excellent of *Bráhmans*, to be that person, whom the male *power* VIRA'J: having performed austere devotion, produced by himself; Me, the *secondary* framer of all this *visible world.*

অহং প্রজাঃ সিসৃক্ষুস্তু তপস্তপ্ত্বা সুদুশ্চরং।
পতীন্ প্রজানামসৃজং মহর্ষীনাদিতোদশ ॥ ৩৪ ॥

অহমিতি। অহং প্রজাঃ স্রষ্টুমিচ্ছন্ সুদুশ্চরং তপস্তপ্ত্বা দশ প্রজাপতীন্ প্রথমং সৃষ্টবান্ তৈরপি প্রজানাং সৃজ্যমানত্বাৎ ॥ ৩৪ ॥

আমি প্রজা সৃষ্টির ইচ্ছায় অতি ক্লেশ জনক তপস্যা করিয়া প্রথমে প্রজাদিগের পতি যে দশ মহর্ষি তাঁহারদিগকে সৃষ্টি করিলাম ॥ ৩৪ ॥

34 It was, I, who, desirous of giving birth to a race of men, performed very difficult religious duties, and first produced ten Lords of created beings, eminent in holiness.

মরীচিমত্র্যঙ্গিরসৌ পুলস্ত্যং পুলহং ক্রতুং।
প্রচেতসং বশিষ্ঠঞ্চ ভৃগুং নারদমেব চ॥ ৩৫ ॥

মরীচিমিত্যাদি। তএতে দশ প্রজাপতয়োনামতোনির্দ্দিষ্টাঃ॥ ৩৫ ॥

মরীচি, অত্রি, অঙ্গিরা, পুলস্ত্য পুলহ, ক্রতু, প্রচেতা, বশিষ্ঠ, ভৃগু, ও নারদকে সৃষ্টি করিলাম॥ ৩৫ ॥

35 MARI'CHI, ATRI, ANGIRA', PULASTYA, PULAHA CRATU, PRACHE'TA, or DACSHA, VASHISHT'HA, BHRIGU, and NA'RADA:

এতে মনূংস্তু সপ্তান্যানসৃজন্ ভূরিতেজসঃ।
দেবান্ দেবনিকায়াংশ্চ মহর্ষীংশ্চামিতৌজসঃ॥ ৩৬ ॥

এতে মনূংস্ত্বিতি। এতে মরীচ্যাদয়োদশ ভূরিতেজসোবহুতেজসোঽন্যান্ সপ্তাপরিমিততেজস্কান্ মনূন্ দেবান্ ব্রহ্মণা সৃষ্টান্ দেবনিবাসস্থানানি স্বর্গাদীন্মহর্ষীংশ্চ সৃষ্টবন্তঃ। মনুশব্দোঽয়মধিকারবাচী চতুর্দশসু মন্বন্তরেষু যস্য যত্র সর্গাদ্যধিকারঃ সএব তস্মিন্মন্বন্তরে স্বায়ম্ভুবস্বারোচিষাদিনামভির্মনুরিতি ব্যপদিশ্যতে॥ ৩৬ ॥

এই অতি তেজস্বি মরীচি প্রভৃতি মহর্ষিরা অপরিমিত প্রভাব বিশিষ্ট অন্য সপ্ত মনুকে ও দেবতাদিগকে এবং দেবস্থান সকলকে আর মহর্ষি দিগকে সৃষ্টি করিলেন॥ ৩৬ ॥

36 They, abundant in glory, produced seven other *Manus*, together with deities, and the mansions of deities, and *Maharshis*, or great Sages, unlimited in power;

যক্ষরক্ষঃপিশাচাংশ্চ গন্ধর্ব্বাপ্সরসোঽসুরান্।
নাগান্ সর্পান্ সুপর্ণাংশ্চ পিতৄণাঞ্চ পৃথগ্‌গণান্॥ ৩৭ ॥

যক্ষরক্ষইতি। এতেঽসৃজন্নিতি পূর্ব্বস্যোবাক্যানুষঙ্গঃ উত্তরত্র শ্লোকদ্বয়ে চ। যক্ষোবৈশ্রবণস্তদনুচরাশ্চ রক্ষাংসি রাবণাদীনি পিশাচাস্তেভ্যোঽপকৃষ্টাঃ অশুচিমরুদেশনিবাসিনঃ গন্ধর্ব্বাশ্চিত্ররথাদয়ঃ অপ্সরসঃ উর্ব্বশ্যাদয়ঃ অসুরাবিরোচনাদয়ঃ নাগাবাসুক্যাদয়ঃ সর্পাস্তেভ্যোঽপকৃ-

ষ্টাঃ অলগর্দ্দাদয়ঃ। সুপর্ণাঃ গরুড়াদয়ঃ পিতৃণামাজ্যপাদীনাং গণঃ সমূহঃ। এষাঞ্চ ভেদইতিহাসাদিপ্রসিদ্ধোনাধ্যক্ষাদিগোচরঃ ॥ ৩৭ ॥

যক্ষ, রাক্ষস, পিশাচ, গন্ধর্ব্ব, অপ্সরা, অসুর, নাগ এবং সর্প ও বৃহৎ পক্ষি সকলকে আর পিতৃদিগের ভিন্ন ভিন্ন গণকে সৃষ্টি করিলেন ॥৩৭॥

37 Benevolent genii, and fierce giants, blood-thirsty savages, heavenly quiristers, nymphs and demons, huge serpents and snakes of smaller size, birds of mighty wing, and separate companies of *Pitris*, or progenitors of mankind ;

বিদ্যুতোঽশনিমেঘাংশ্চ রোহিতেন্দ্রধনূংষি চ।
উল্কানির্ঘাতকেতূংশ্চ জ্যোতীংষ্যুচ্চাবচানি চ ॥ ৩৮ ॥

বিদ্যুতইতি। মেঘেষু দৃশ্যং দীর্ঘাকারং জ্যোতির্বিদ্যুৎ মেঘাদেব যজ্জ্যোতির্বৃক্ষাদিবিনাশকং তদশনিঃ মেঘাঃ প্রসিদ্ধাঃ রোহিতং দণ্ডাকারং নানাবর্ণং দিবি দৃশ্যতে যজ্জ্যোতিস্তদেব বক্রমিন্দ্রধনুঃ। উল্কা রেখাকারমন্তরীক্ষাৎ পতজ্জ্যোতিঃ নির্ঘাতোভূম্যন্তরীক্ষগতউৎপাতধ্বনিঃ কেতবঃ শিখাবন্তি জ্যোতীংষি উৎপাতরূপাণি অন্যানি জ্যোতীংসি ধ্রুবাগস্ত্যাদীনি নানাপ্রকারাণি ॥ ৩৮ ॥

বিদ্যুৎ বজ্র ও মেঘ আর রোহিত অর্থাৎ নানাবর্ণ বিশিষ্ট দণ্ডাকার জ্যোতি বিশেষ যাহাবক্র হইলে ইন্দ্রধনু কহে এবং সেই ইন্দ্রধনুকে আর উল্কা অর্থাৎ রেখাকার যে জ্যোতি আকাশ হইতে পড়ে এবং নির্ঘাত অর্থাৎ ভূমিতে ও আকাশে যে উৎপাত জনক শব্দ হয় আর কেতু অর্থাৎ শিখাবিশিষ্ট জ্যোতি এবং ধ্রুব অগস্ত্য প্রভৃতি নানাবিধ জ্যোতি সকলকে সৃষ্টি করিলেন ॥ ৩৮ ॥

38 Lightnings and thunder-bolts, clouds and coloured bows of INDRA, falling meteors, earth-rending vapours, comets, and luminaries of various degrees ;

কিন্নরান্ বানরান্ মৎস্যান্ বিবিধাংশ্চ বিহঙ্গমান্।
পশূন্ মৃগান্ মনুষ্যাংশ্চ ব্যালাংশ্চোভয়তোদতঃ ॥ ৩৯ ॥

কিন্নরানিতি। কিন্নরাঅশ্বমুখাদেবযোনয়োনরবিগ্রহাঃ। বানরাঃ প্রসিদ্ধাঃ মৎস্যারোহিতাদয়ঃ বিহঙ্গমাঃ পক্ষিণঃ। পশবোগবাদ্যাঃ। মৃগাহরিণাদ্যাঃ। ব্যালাঃ সিংহাদ্যাঃ। উভয়তোদতঃ দ্বে দন্তপংক্তী যেষাং উত্তরাধরে ভবতঃ ॥ ৩৯ ॥

কিন্নর, বানর, মৎস্য ও নানাপ্রকার পক্ষি, এবং পশু, মৃগ, মনুষ্য, আর উভয় পংক্তি দন্ত বিশিষ্ট হিংস্রজন্তু এই সকলকে সৃষ্টি করিলেন ॥ ৩৯ ॥

39 Horse-faced sylvans, apes, fish, and a variety of birds, tame cattle, deer, men, and ravenous beasts with two rows of teeth ;

কৃমিকীটপতঙ্গাংশ্চ যূকামক্ষিকমৎকুণং।
সর্ব্বঞ্চ দংশমশকং স্থাবরঞ্চ পৃথগ্বিধং ॥ ৪০ ।

কৃমিকীটেতি। কীটাঃ কৃমিভ্যঃ কিঞ্চিৎস্থূলাঃ। পতঙ্গাঃ শলভাঃ। যূকাদয়ঃ প্রসিদ্ধাঃ ক্ষুদ্রজন্তবইত্যনেন একবদ্ভাবঃ। স্থাবরং বৃক্ষলতাদিভেদেন বিবিধপ্রকারং ॥ ৪০ ॥

কৃমি ও তাহা হইতে কিঞ্চিৎ স্থূল কীট এবং পতঙ্গ আর উকুন ও মক্ষিকা এবং মৎকুণ অর্থাৎ ছারপোকা ও সকল প্রকার দাঁশ ও মশা এবং নানা প্রকার বৃক্ষ লতা প্রভৃতি স্থাবরকে সৃষ্টি করিলেন ॥ ৪০ ॥

40 Small and large reptiles, moths, lice, fleas, and common flies, with every biting gnat, and immoveable substances of distinct sorts.

এবমেতৈরিদং সর্ব্বং মন্নিয়োগান্মহাত্মভিঃ।
যথাকর্ম্ম তপোযোগাৎ সৃষ্টং স্থাবরজঙ্গমং ॥ ৪১ ॥

এবমেতৈরিতি। এবমিত্যুক্তপ্রকারেণ এতৈর্মরীচ্যাদিভিরিদং সর্ব্বং স্থাবরজঙ্গমং সৃষ্টং। যথাকর্ম্ম যস্য জন্তোর্যাদৃশং কর্ম্ম তদনুরূপং তস্য দেবমনুষ্যতির্য্যগাদিযোনিষূৎপাদনং মন্নিয়োগাৎ মদাজ্ঞয়া তপোযোগান্মহত্তপঃ কৃত্বা সর্ব্বমৈশ্বর্য্যং তপোঽধীনমিতি দর্শিতং ॥ ৪১ ॥

এই প্রকারে ঐ মহানুভব ঋষি সকল আমার আজ্ঞাতে তপোবলের দ্বারা জীব সকলের কর্ম্মানুসারে তাহারদিগের এই সকল স্থাবর জঙ্গম শরীর সৃষ্টি করিলেন ॥ ৪১ ॥

41 Thus was this whole assemblage of stationary and moveable bodies framed by those high-minded beings, through the force of their own devotion, and at my command, with separate actions allotted to each,

যেষান্তু যাদৃশং কর্ম্ম ভূতানামিহ কীর্ত্তিতং।
তত্তথা বোঽভিধাস্যামি ক্রমযোগঞ্চ জন্মনি ॥ ৪২ ॥

যেষামিত্যাদি। যেষাং পুনর্যাদৃশং কর্ম্ম ইহ সংসারে পূর্ব্বাচার্য্যৈঃ কথিতং যথৌষধ্যঃ ফলপাকান্তাবহুপুষ্পফলোপগাঃ ব্রাহ্মণাদীনাং চাধ্যয়নাদি কর্ম্ম তত্তথৈব বোযুষ্মাকং বক্ষ্যামি জন্মাদিক্রমযোগঞ্চ ॥ ৪২ ॥

এই সংসারে যে যে ভূতের যে যে প্রকার কর্ম্ম পূর্ব্বে আচার্য্যগণ কর্ত্তৃক কথিত হইয়াছে, এবং যাহারদিগের যে ক্রমযোগে উৎপত্তি হয় তাহা তোমারদিগকে সেই প্রকারে কহি ॥ ৪২ ॥

42 Whatever act is ordained for each of those creatures here below, *that* I will now declare to you, together with their order in respect of birth.

পশবশ্চ মৃগাশ্চৈব ব্যালাশ্চোভয়তোদতঃ।
রক্ষাংসি চ পিশাচাশ্চ মনুষ্যাশ্চ জরায়ুজাঃ॥ ৪৩ ॥

